Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

রেলে ৬২৯০৭ গ্রুপ 'ডি'
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১০

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

পলিটেকনিকে ভর্তির পরীক্ষা
জেক্সপো-২০১৮
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১০

বর্ষ ৩৮ সংখ্যা ৪১ কলকাতা শুক্রবার, ১১ মে ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৭ বৈশাখ ১৪২৫ দাম ₹ ৪.০০ ১৬ পাতা R. N. 37120/80

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট

**অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৪ জুন**

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কয়েকশো গ্র্যাজুয়েট তরুণ-তরুণী নেওয়া হবে। বিবিধ পদে নিয়োগ হবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০১৮'-র মাধ্যমে। চারটি পর্যায়ে প্রার্থী বাছাই পরীক্ষা হবে— কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১ ও টিয়ার-২), খাতায়-কলমে (টিয়ার-৩) এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট/স্কিল টেস্ট (টিয়ার-৪)। কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১) নেওয়া হবে ২৫ জুলাই থেকে ২০ অগস্ট। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

নিয়োগ হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ, অফিস ও ক্যাডারে এইসব গ্রুপ 'বি' ও 'সি' পদে (বন্ধনীতে দপ্তর): গ্রুপ 'বি'— অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (ইন্টেলিজেন্স ব্যুরো), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব রেলওয়ে), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (এয়ারফোর্স হেডকোয়ার্টার্স), বিবিধ মন্ত্রক, দপ্তর ও প্রতিষ্ঠানে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাসিস্ট্যান্ট/সুপারিন্টেন্ডেন্ট, ইনস্পেক্টর-সেন্ট্রাল এক্সাইজ (সেন্ট্রাল বোর্ড অব এক্সাইজ অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর-প্রিভেন্টিভ অফিসার (সেন্ট্রাল বোর্ড অব এক্সাইজ অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর-এক্সামিনার (সেন্ট্রাল বোর্ড অব এক্সাইজ অ্যান্ড কাস্টমস), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টরেট অব এনফোর্সমেন্ট), সাব-ইনস্পেক্টর (সি বি আই), ইনস্পেক্টর-পোস্টস (ডিপার্টমেন্ট অব পোস্টস), ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), সাব-ইনস্পেক্টর (ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি), জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম

এরপর পনেরোর পাতায়

## বরোদা ব্যাঙ্কে ৩৬১

### স্পেশ্যালিস্ট অফিসার

বিভিন্ন পদে ৩৬১ জন স্পেশ্যালিস্ট অফিসার নেবে ব্যাঙ্ক অব বরোদা। নিয়োগ করা হবে বিভিন্ন বিভাগে, সিনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ফোর, মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-থ্রি ও টুয়ে। শুরুতে এক বছরের প্রবেশন।

বিভাগ অনুসারে শূন্যপদের বিন্যাস: পোস্ট কোড ১: এম এস এম ই-সেলস/রিলেশনশিপ ম্যানেজমেন্ট (এস এম জি এস-ফোর): শূন্যপদ ২৫টি। পোস্ট কোড ২: এম এস এম ই-সেলস/রিলেশনশিপ ম্যানেজমেন্ট (এম এম জি এস-থ্রি): শূন্যপদ ৫৯টি। পোস্ট কোড ৩: এম এস এম ই মনিটরিং/প্রসেসিং অব লোনস (এস এম জি এস-ফোর): শূন্যপদ ৭৫টি। পোস্ট কোড ৪: এম এস এম ই মনিটরিং/প্রসেসিং অব লোনস (এম এম জি এস-থ্রি): শূন্যপদ ৬২টি। পোস্ট কোড ৫: ফিনান্স/ক্রেডিট (এম এম জি এস-থ্রি): শূন্যপদ ১০০টি। পোস্ট কোড ৬: ফিনান্স/ক্রেডিট (এম এম জি এস-টু): শূন্যপদ ৪০টি।

গ্রেড ও ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: মিডল ম্যানেজমেন্ট

এরপর পনেরোর পাতায়

www.banglajobguide.tk

## রেল বিকাশ নিগমে ইঞ্জিনিয়ার

বেশ কিছু সাইট ইঞ্জিনিয়ার নেবে রেল বিকাশ নিগম। প্রাথমিকভাবে তিন বছরের চুক্তিতে নিয়োগ হবে সিভিল, ইলেক্ট্রিক্যাল এবং সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন শাখায়। ২০১৭ বা ২০১৮ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষার স্কোরকার্ড থাকতে হবে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা শুধু পূর্বাঞ্চল রিজিয়নের জন্য আবেদন করতে পারবেন। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সঙ্গে ২০১৭ বা ২০১৮ সালের গেট পরীক্ষার স্কোর থাকতে হবে।

**বেতন:** প্রতি মাসে ২৭,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগসুবিধা।

প্রাথমিকভাবে গেট পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। কলকাতায় ইন্টারভিউয়ের সম্ভাব্য তারিখ ২ থেকে ৪ জুলাই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rvnl.org দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

এরপর পনেরোর পাতায়

## কেন্দ্রীয় সরকারে ৪৫৪ ডাক্তার

### ইউ পি এস সি-র কম্বাইন্ড মেডিক্যাল সার্ভিসেস পরীক্ষা ২২ জুলাই

৪৫৪ জন এম বি বি এস ডাক্তার নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পদ ও সার্ভিসে। ১ থেকে ২ বছরের প্রবেশন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, 'কম্বাইন্ড মেডিক্যাল সার্ভিসেস এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২২ জুলাই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 09/2018-CMS.

শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস। ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। তবে, যাঁরা ফাইনাল পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন অথবা যাঁরা এখনও ইন্টার্নশিপ সম্পূর্ণ করেননি, তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

নিয়োগ হবে এইসব পদ ও সার্ভিসে: অ্যাসিস্ট্যান্ট ডিভিশনাল মেডিক্যাল অফিসার ইন দ্য রেলওয়েজ: মোট শূন্যপদ ৩০০। এর মধ্যে ১২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। অ্যাসিস্ট্যান্ট মেডিক্যাল অফিসার ইন ইন্ডিয়ান অর্ডন্যান্স ফ্যাক্টরিজ হেলথ সার্ভিসেস: মোট শূন্যপদ ১৬। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। জুনিয়র স্কেল পোস্টস ইন সেন্ট্রাল হেলথ সার্ভিসেস:

এরপর পনেরোর পাতায়

## প্রতিরক্ষা গবেষণায় ইঞ্জিনিয়ার

কিছু গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার নেবে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি আর ডি ও)। নিয়োগ হবে সায়েন্টিস্ট 'বি' পদে। ইঞ্জিনিয়ারিংয়ের দু'টি ডিসিপ্লিন থেকে নিয়োগ হবে। ইঞ্জিনিয়ারিং শাখা দু'টি হল: (১) ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। (২) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং।

শাখা অনুসারে শূন্যপদ: **ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং:** ২২টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)।

**কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং:** ১৯টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এই ডিসিপ্লিনের ক্ষেত্রে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীরাও আবেদন করতে পারেন।

এরপর ষোলোর পাতায়

## জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (স্কেল-ওয়ান) পদে বেশ কিছু কর্মী নেবে জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশন অব ইন্ডিয়া। ১ বছরের প্রবেশন। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**মোট শূন্যপদ:** ২৪টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। **বয়স:** ৮-৫-২০১৮ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ৩২,৭৯৫-৬২,৩১৫ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও বৃহত্তর কলকাতা। অনলাইন লিখিত পরীক্ষা হবে জুন/জুলাইয়ে।

এরপর পনেরোর পাতায়

## অস্ত্র কারখানায় অ্যাপ্রেন্টিস

বেশ কিছু টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস এবং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস নেবে চাঁদা অর্ডন্যান্স ফ্যাক্টরি। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং সিভিল শাখায়। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 2036/GA/TA/ESTT.

আসনসংখ্যার বিবরণ: **টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** ৩০টি। শাখানুসারে আসন: মেকানিক্যাল: ২৬টি, ইলেক্ট্রিক্যাল: ২টি, সিভিল: ২টি।

এরপর পনেরোর পাতায়

## প্লাস্টিক টেকনোলজির পাঁচ ডিপ্লোমা কোর্স

**প্রবেশিকা পরীক্ষা 'সিপেট জয়েন্ট এন্ট্রান্স এক্সাম-২০১৮' ১ জুলাই**

সেন্ট্রাল ইনস্টিটিউট অব প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (সিপেট) দ্বারা পরিচালিত প্লাস্টিক টেকনোলজি-সংক্রান্ত ডিপ্লোমা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং পোস্ট ডিপ্লোমা কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'সিপেট জয়েন্ট এন্ট্রান্স এক্সাম-২০১৮' হবে ১ জুলাই। এটি ভারত সরকারের রসায়ন ও পেট্রোরসায়ন বিভাগের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সগুলি শুরু হবে অগস্টে।

কোর্সের বিবরণ: **ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি:** শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৩৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। এ বছরের মাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। **বয়স:** ১৫ বছরের মধ্যে হতে হবে। **কোর্সের মেয়াদ:** ৩ বছর।

**ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি:** শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৩৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। এ বছরের মাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। **বয়স:** ১৫ বছরের মধ্যে হতে হবে। **কোর্সের মেয়াদ:** ৩ বছর।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিং:** শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **বয়স:** ১৯ বছরের মধ্যে হতে হবে। **কোর্সের মেয়াদ:** দেড় বছর।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেস্টিং অ্যান্ড কোয়ালিটি কন্ট্রোল:** শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। **বয়স:** ১৯ বছরের মধ্যে হতে হবে। **কোর্সের মেয়াদ:** দেড় বছর।

**পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড ডিজাইন (ক্যাড/ক্যাম-সহ):** শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা প্লাস্টিক্স টেকনোলজি বা টুল/প্রোডাকশন/ অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং বা মেকাট্রনিক্স বা টুল অ্যান্ড ডাই মেকিং বা সিপেট থেকে প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি বা প্লাস্টিক্স টেকনোলজিতে তিন বছরের ডিপ্লোমা। **বয়স:** ১৭ বছরের মধ্যে হতে হবে। **কোর্সের মেয়াদ:** দেড় বছর।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। ৩১-৭-২০১৮ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

কোর্স ফি: সেমেস্টার-পিছু পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং পোস্ট-ডিপ্লোমার ক্ষেত্রে ২০,০০০ টাকা এবং ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ১৬,৭০০ টাকা। হস্টেল ফি অতিরিক্ত।

এরপর ষোলোর পাতায়

আগত দুই বছরের মধ্যে কলকাতা তথা ভারতে
২৪ লক্ষেরও বেশী চিত্তাকর্ষক চাকরির হাতছানি

N S D C National Skill Development Corporation
FREE Spoken English



তোমার ভবিষ্যৎ গড়ে নেওয়ার সঠিক ঠিকানা

Aviation and Hospitality Sector
Airport Management (Domestic)
Diploma in Aviation and Hospitality Management
Diploma in Travel and Tourism
Diploma course in Hotel Management
Certificate course for Ground Staff

NCDC Courses
Office Management Skill
Diploma in Finance and Banking (12 months)
Tally with GST

Foresight Edutech (P) Ltd.
8335069138 / 8335069131 / 8335069161

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৮ সংখ্যা ৪১ □ ১১ মে ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ: circulation@swarnakshar.in

## কর্মখালি

**Pvt. ব্যাঙ্কে চাকরি**
**ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে প্রার্থী চাই**
হাওড়া ও হুগলি: 70443-81672
ব্যান্ডেল ও বেলুড়: 85838-65904
ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918
বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654
বজবজ ও ডাকুরিয়া: 86976-16060
বারাসাত ও বনগাঁ: 84208-88113
দমদম ও ডানলপ: 74497-02185
রাজারহাট ও শিয়ালদহ: 97484-94791
সোনারপুর ও গড়িয়া: 86976-16100
নৈহাটি ও কল্যাণী: 86975-95917
Need Counseling, ডানলপ-108.

□

**পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট** ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়সসীমা ১৮-৩০ বছর। বেতন: ১২,৭০০/- - ১৯,৩০০/-, EPF, ESIC, Medical, IPC, Salt Lake, Kol-91. কোলকাতা/ হাওড়া: 98742-35889, বর্ধমান/ হুগলি: 74777-93461, আসানসোল/ দুর্গাপুর: 97351-46325, পুরুলিয়া/ বাঁকুড়া: 84361-40813, বীরভূম/ নদিয়া: 74777-93463, মেদিনীপুর/ খড়গপুর: 74494-06185.

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**
**বেতন: 10,600/- –28700/-**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**হোটেলে চাকরি**
কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে 8000/- আয় + থাকা + খাওয়া ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

**মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R)** হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট: IMR, Kol-94. (M): 90739-82781.

□

**DISH TV কাস্টমার কেয়ারে নিয়োগ।** H.S.-M.A. (18-35), M/F, Salary: 11,800/-, On Point, বারুইপুর, Kol-144, 98308-34004 / 98308-33834.

□

**BANK KYC-তে 34 জন কম্পিউটার অপারেটর**
চাকরির জন্য কোনও ডোনেশন লাগে না। স্থায়ী পদে অফিসিয়াল Database Operate করতে H.S পাশ / Appeared (18-32) ব্যাক অফিস Executive নিয়োগ। বেতন: 8,470/- – 12,730/-. Innovative Technology, Dunlop Kol-108, বারাসাত: 83368-25979, কলকাতা: 83368-25980.

□

**সুবর্ণ সুযোগ সকলের জন্য**
www.gcajob.co.in যোগ্যতা: ৪র্থ-বি. এ। প্রতিটি জেলায় ATM/ শপিং মল/ Tower/ নার্সিং হোম/ BANK ও MNC-তে বিনা ডোনেশনে অফিসে বসে স্থায়ী কাজ। বয়স: ১৮-৪৮। বেতন: 11,200/- – 28,700/-, ESI+PF, গ্যারান্টি পেপার-সহ জয়েনিং। (G.C.A.), MG Rd, Kol-7, (M): 77184-52562.

□

**AIRPORT ও মেট্রোরেলে**
বিভিন্ন Pvt. ব্যাঙ্ক (DSA)-তে বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- –42,500/- ফর্ম দেওয়া চলছে। 77187-18137, G. P. CIT Rd, Kol-54 (G.P).

□

**DIRECT নিয়োগ**
জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 78728-49742, R. S-11 RM L, Kol-09.

□

**Voda/SBI/Jio কাস্টমার কেয়ারে** মাধ্যমিক-স্নাতক ছেলেমেয়েদের সরাসরি নিয়োগ চলছে। বেতন যোগ্যতানুসারে Inc + OT + Bonus-সহ 10,950/- + অন্যান্য সুবিধা। শীঘ্রই যোগাযোগ করুন। IIFA, 1 No., Air Port, Kol-28. দমদম (H.O.): 84206-66060 গড়িয়া: 90020-33880 বর্ধমান: 98301-88881 দমদম (উঃ): 99032-23211 শিলিগুড়ি: 98307-71003.

□

**এয়ারপোর্ট ও মেট্রো**
গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. P/25, CIT Rd., Kol-54.

□

**ভারতের সর্বত্র স্টার হোটেলে**
৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয় ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রূপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

**URGENT URGENT URGENT**
Fire & Safety equipments মার্কেটিং-এর জন্য পুরুষ সেলস এক্সিকিউটিভ চাই। যোগ্যতা: স্নাতক, বিশদ জানতে যোগাযোগ করুন: Tel- 033 64171335, Mob: 09903576979, FIRESAFE SAFETY ENTERPRISES (AN ISO 9001 : 2008 Certified Co.) 773, Naskar Hat, Tagore Park, Kol-39.

□

**বাংলা/হিন্দি BPO কাস্টমার কেয়ার ও Banking** প্রসেসে স্পট জয়েনিং চলছে। যোগ্যতা: মাধ্যমিক-M.A., Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F. ESI, OT, Car, স্থায়ী চাকরি, Incentive-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur, HWH-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315, মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68587.

□

**সরাসরি নিয়োগ**
জেলায় জেলায় A. T. M গার্ড, টাওয়ার Co. ও নার্সিং হোম ও MNC Co.-তে বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M. J. S. 11C, R. B. L, Kol-09. (M): 90519-14620.

□

**স্টার হোটেলে চাকরি**
লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে 12-15,000/- আয়ে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া ফ্রি। CSMS, রাজাবাটি, মেদিনীপুর টাউন: 96411-03510, বর্ধমান: 83487-97275, হাওড়া: 86974-32044.

□

**Naptol, Airtel, Vodafone, Banking-এ** Spot joining চলছে। বাংলা-হিন্দি জানা M/F নিয়োগ চলছে। মাধ্যমিক MA, জেলাভিত্তিক নিয়োগ। বেতন: 10,850/- – 22,800/-, P.F. ESI, Incentive-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। NIGAM TORL KGP, Medinipur কলকাতা: 98007-80569, বাঁকুড়া ও মেদিনীপুর: 84368-61388.

□

**Jio/Airtel 4G/Voda কাস্টঃ কেয়ারে** বাংলাভাষী রাজ্যের বিভিন্ন জেলা থেকে সরাসরি নিয়োগ চলছে যোগ্যতা: MP-H.S, বেতন: INC + OT সহ 10,800/- Z.M Group, Salt Lake Sec-V, Kol-91, M: 90075 59111, M: 90517 30543.

## স্কুল-কলেজ শিক্ষা

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি**
ANM Nursing (2 Years) ট্রেনিং-এ সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা: মাধ্যমিক/উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Instalment-সহ অন্যান্য অনেক সুযোগ সুবিধা। Approved by BSS/ NSDC Govt. of India. রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 74784-30465.

□

**প্যারামেডিক্যালে ভর্তি**
যে-কোনও শাখায় ১০ + ২, ছাত্র-ছাত্রীদের সরাসরি ২ বছরের Diploma ল্যাব টেক, OT Tech, Nursing, Physiotheraphy, ECG, Optometry, X-Ray, USG, Dialysis কোর্সে ভর্তি শুরু। রেগুলার ক্লাস, Private চাকরি। Blood Bank, Sethi Diagnostic, Kasturi, BMRI-তে internship. বেহালা, চিংড়িঘাটা, আমতলা, রানাঘাট, জলঙ্গী, বহরমপুর, চুঁচুড়া। Helpline: 98300-62930, 98303-46797, 86974-88882.

□

**নার্সিং কোর্সে ভর্তি**
INC ও KNC অনুমোদিত B.Sc ও GNM কোর্সে ভর্তি চলছে। Bank Loan সুবিধা। Placement, Installment Facility. Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-700 144. 85849-23750, 98303-88027.

□

**WBCS, PSC, SSC, ব্যাঙ্ক, রেল,** স্পোকেন ইংলিশ ইত্যাদি কোর্স সঠিকভাবে প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট চাকরি পেয়েছে। কেবলমাত্র ছাত্রীরাই ফোন করবে। পি. মুখার্জি হাওড়া শিবপুর, 90075-34791.

□

**DISCLAIMER**
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**
কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংশ্লিষ্ট যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**ডায়েটিশিয়ান কোর্স**
ভর্তি চলছে। Diploma in Dietician (1 year) App. By B.S.S (Govt. of India) যোগ্যতা: H.S Pass (Science background). Job asst. Global Technical Institute, M: 92315-51285/ 75969-71701.

□

**পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তরের** উদ্যোগে নিম্নলিখিত ITI, NCVT কোর্সে ভর্তি চলছে। ১) ইন্ডিস্ট্রিয়াল ইলেকট্রিশিয়ান ২) ফ্যাশন ডিজাইনিং ৩) কম্পিউটার হার্ডওয়্যার ৪) ইলেক্ট্রিক্যাল ৫) মোবাইল রিপেয়ারিং ৬) ফ্রিজ, এসি রিপেয়ারিং ৭) বিউটিশিয়ান ৮) অটোমোবাইল ৯) ফিটার ১০) ওয়েল্ডিং ১১) CTIA ১২) LCD, LED রিপেয়ারিং। ফি: ১০০০/- মাসে। JOB ASSISTANCE অফিস: 64, J. L. Sarani, Joka, Kol-104. 98832-04890 / 86972-61085 বারুইপুর: 90078-70999.

□

**Math & Eng.** সোনারপুর Rail (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

**LLB (3 yrs)** ২ বছর ৩ মাসে পাস। Contact: D. B. Das, Advocate, বারাসাত জজ কোর্ট, 94321-76217, 80177-11657.

□

**টিচার্স ট্রেনিং**
প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS, & NCVT Govt. of India approved. Placement assistance. রবীন্দ্র পাঠভবন হাওড়া: 90510-74736/ 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 / 84500-34033, শ্যামবাজার: 98308-15220/ 84428-66912.

□

**ভর্তির বিজ্ঞপ্তি**
আশানিকেতন কলকাতায় 'FMR INDIA' স্বীকৃত '3 Month Training Programme for Care givers for Mental disable person'-এ ভর্তির ফর্ম ২২ মে ২০১৮ থেকে ৮ জুন ২০১৮ পর্যন্ত দেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি উত্তীর্ণ। বিশদ তথ্য জানতে যোগাযোগ করুন: 08420039676, 033-23291249, Email: ashaniketank@gmail.com. ঠিকানা: আশানিকেতন, ৩৭নং টালা রোড, কলকাতা-১৫।

**কর্মক্ষেত্র কারা পড়েন?**
একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।
'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/ গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:
Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-৩০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১২ মে দুপুর ২টো পর্যন্ত।
□□□
২৫ মে কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৯ মে দুপুর ২টো পর্যন্ত।
□□□
**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**
প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা। অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত নতুন মুদ্রণ ₹৩০০
শঙ্খ ঘোষের **ইছামতীর মশা** ...পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০
**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০
নবনীতা দেব সেনের **ভ্রমণের নবনীতা** ...তৃতীয় মুদ্রণ ₹১২৫
অমরেন্দ্র চক্রবর্তীর **বন্ধুভরা বসুন্ধরা** ...দ্বিতীয় সংস্করণ ₹১২০
রবীন চক্রবর্তীর **বাঁধা পথের বাঁধন ছেড়ে** ...২য় সংস্করণ। ₹৯০
শঙ্করঞ্জন রায়চৌধুরীর **চিন তিব্বত মোঙ্গোলিয়া** ...২য় মুদ্রণ। ₹৯০
**সেরা ভ্রমণ কাহিনী** অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত ...১ম খণ্ড। ২য় খণ্ড। ৩য় খণ্ড। ₹৩০০
মহাশ্বেতা দেবীর কিশোরদের বই **তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই **বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর ...**চলো দেখে আসি** শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের **কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের **বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৫০ **আষাঢ়ে গল্প** ₹৬০
অমরেন্দ্র চক্রবর্তীর ছোটদের বই
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে** ₹৭০
**হীরু ডাকাত** শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹৬৫
**গৌর যাযাবর** পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
**টিয়াগ্রামের ফিঙেনদী** ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৬০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ভোঁডা** ₹২০
**হরিণের সঙ্গে খেলা** ₹১৫
**আমার বনবাস** ₹১২
স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




স্বনির্ভরতার নানা পথ

কোন মেশিনে কী ব্যবসা

# কুকিজ তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**




**নিজস্ব প্রতিনিধি:** ছোট-বড় সকলের কাছেই কুকিজ প্রিয়। সারাবছরই চাহিদা থাকে। এই মেশিনের সাহায্যে কুকিজ তৈরি করে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন বা অর্ডার অনুযায়ী বিভিন্ন দোকানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** সেমি অটোমেটিক এই মেশিনের সাহায্যে ঘণ্টায় ৮০ থেকে ৯০ কেজি পর্যন্ত কুকিজ তৈরি করা সম্ভব। বিভিন্ন স্বাদের কুকিজ তৈরির জন্য বিভিন্ন ধরনের উপকরণ লাগে। তবে সাধারণভাবে, কুকিজ তৈরি করতে ময়দা, চিনি, বেকিং পাউডার ইত্যাদি প্রয়োজন। প্রথমে মিক্সচার মেশিনে সব-ক'টি উপকরণ প্রয়োজনমতো দিয়ে মিশ্রণ তৈরি করে নিতে হবে। এবার ওই মিশ্রণটি কুকিজ তৈরির মেশিনের হপারের মধ্যে দিয়ে দিতে হবে। এবার মেশিন চালু করলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে নির্দিষ্ট মাপের বা আকৃতির কুকিজ কাটিং হয়ে নিজেই বেরিয়ে আসবে। এবার সেই ট্রে সমেত কুকিজ ওভেনে দিয়ে সেঁকে নিতে হবে। সবশেষে এই কুকিজ ওজন করে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। স্বয়ংক্রিয় এই মেশিনে ১ হর্সপাওয়ার মোটর লাগবে। বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটরচালিত ৯ রিফিলযুক্ত এই মেশিনের দাম ৭ লাখ টাকা। ৫০ কেজি পর্যন্ত মিশ্রণ করার ক্ষমতাসম্পন্ন মিক্সচার মেশিনের দাম পড়বে ১ লাখ ২০ হাজার টাকা। ২০টি ট্রে ধারণ-ক্ষমতাসম্পন্ন ইলেক্ট্রিক্যাল ওভেনের দাম পড়বে আড়াই লাখ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ *দেশলাই তৈরির জন্য বিশেষ কী লাইসেন্সের দরকার হয়? কোথায় যোগাযোগ করতে হবে সেই লাইসেন্সের জন্য? —শিবশঙ্কর বিশ্বাস, লক্ষ্মীকান্তপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ এক্সপ্লোসিভ ক্লিয়ারেন্স সার্টিফিকেটের দরকার হবে। যোগাযোগ করতে হবে এই ঠিকানায়: কন্ট্রোলার অব এক্সপ্লোসিভস, ৮, এসপ্ল্যানেড ইস্ট, কলকাতা-৬৯। ফোন: ২২৪৩-৯৩২২। দরকার হবে ফরেস্ট লাইসেন্সেরও। এজন্য আপনার অঞ্চল-সংশ্লিষ্ট রেঞ্জের ডিভিশনাল ফরেস্ট অফিসে যোগাযোগ করতে হবে।

□ *দেশের মধ্যেই সবজি বিপণন করে সফল হলে রপ্তানির ব্যবসা করব। দূরবর্তী বাজারে সবজি-ফলের মতো পচনশীল সামগ্রী বিপণনের পদ্ধতি সম্পর্কে জানার জন্য প্রশিক্ষণ নিতে চাই। কোথায় প্রশিক্ষণ নিতে পারি, কতদিনের প্রশিক্ষণ এবং ফি সম্পর্কে জানতে চাই। —শান্তনু মাইতি, বাউরিয়া, হাওড়া-৭১১ ৩০৫।*

□□ এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে সবজি, ফল, ফুল বিপণনের প্রশিক্ষণ দেওয়া হয়। একইসঙ্গে দেশের মধ্যে বিপণনের এবং রপ্তানির প্রশিক্ষণ পাওয়া যায়। ৫ সপ্তাহের প্রশিক্ষণ। ফি ৬,০০০ টাকা, সঙ্গে জি এস টি। পরবর্তী ব্যাচের প্রশিক্ষণ শুরু হবে জুন মাসে। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: আই বি-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-১০৬। ফোন: ২৩৩৫-৭২৫৮/৭৬৮১।

□ *পান রপ্তানির ব্যাপারে কিছু তথ্যের প্রয়োজন। কোথায় যোগাযোগ করলে তথ্যগুলো পেতে পারি? —সঞ্জীব ক্যাল, পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর।*

□□ যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি (অ্যাপেডা), ময়ূখ ভবন, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: ২৩৩৭-৮৩৬৩।

□ *মহিলাদের জন্য পোশাক তৈরি করে বিক্রি করতে চাই। খুচরো বিক্রি করায় সমস্যা আছে। অর্ডার পেলে নমুনা অনুসারে পোশাক তৈরি করে সরবরাহ করতে পারি। কিছু বড় ব্যবসায়ীর নাম-ঠিকানা পেলে তাঁদের সঙ্গে যোগাযোগ করে কথা বলতে পারি। এরকম কিছু নাম-ঠিকানা কি আপনাদের কাছ থেকে পেতে পারি? —নীলাঞ্জনা সাহা, ডোমজুড়, হাওড়া।*

□□ নির্দিষ্ট নাম-ঠিকানা দেওয়া সম্ভব হবে না। পোশাক ব্যবসায়ীদের কয়েকটি সংগঠনের নাম-ঠিকানা বলা যেতে পারে। এইসব সংগঠনগুলির সঙ্গে অনেক পোশাক ব্যবসায়ী যুক্ত রয়েছেন। সংগঠনগুলির সঙ্গে যোগাযোগ করে তথ্য সংগ্রহ করতে পারেন। (১) ওয়েস্ট বেঙ্গল গারমেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড ডিলার্স অ্যাসোসিয়েশন, পার্ক ম্যানশন, তৃতীয় তল, ফ্ল্যাট নম্বর-৯, ৫৭এ, পার্ক স্ট্রিট, কলকাতা-১৬। ফোন: ২২২৯-৫১৪৮। (২) ইস্টার্ন ইন্ডিয়া গারমেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স ফেডারেশন, ১৯, সিনাগগ স্ট্রিট, কলকাতা-১। (৩) বেঙ্গল হোসিয়ারি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন, ২১৯, বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২। ফোন: ২২৩৭-৭১০২।

□ *পাইকারি দরে নানা মশলা কিনে খুচরো বিক্রি করতে চাই। কলকাতার কোথা থেকে পাইকারি দরে মশলা কিনতে পাব? —সজল দেশমুখ, ফালাকাটা, জলপাইগুড়ি।*

□□ কলকাতার বড়বাজারের মশলাপট্টি থেকে পাইকারি দরে নানা মশলা কিনতে পাবেন। কলকাতা-প্রান্তে হাওড়া ব্রিজ যেখানে শেষ, সেখান থেকেই বড়বাজারের শুরু।

□ *ডালজাতীয় বিভিন্ন শস্য তেলে না ভেজে ফুলিয়ে (পাফড) বিক্রি করার অটোম্যাটিক মেশিনের প্রয়োজন। কোথা থেকে কিনতে পাব? —অপূর্ব মজুমদার, বালি, হাওড়া।*

□□ কলকাতার ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) এবং গণেশচন্দ্র অ্যাভেনিউয়ে (কলকাতা-১৩) মেশিনপত্র বিক্রির দোকানগুলিতে খোঁজ করতে পারেন। প্রয়োজনে কোনও কোনও মেশিন বিক্রেতা রাজ্যের বাইরে থেকেও মেশিন আনিয়ে দেয়। গুগলে ‘Cereal puffing machine’ লিখে সার্চ করলেও এ-ধরনের বিভিন্ন মেশিন প্রস্তুতকারী ও সরবরাহ সংস্থার নাম-ঠিকানা, যোগাযোগের নম্বর ইত্যাদি পাবেন।


**ADMISSION GOING ON PARAMEDICAL COURSES**

| | | |
|---|---|---|
| DMLT (Pathology) | H.S (PCB) | 2 Yrs |
| DRIT (Radio Imagine) | H.S (PCB) | 2 Yrs |
| DOTT (Operation) | H.S (PCB) | 2 Yrs |
| BMLT | H.S (PCB) | 3 Yrs |
| BRIT | H.S (PCB) | 3 Yrs |
| B.Optm | H.S (PCB) | 3+1 Yr |
| MMLT | BMLT | 2 Yrs |
| M.Optm | B.Optm | 2 Yrs |

CARRER ACADEMY OF MEDICAL SCIENC
Garia Station Road, Choto Battala
Kolkata-700084
Call-9230707483 / 7044716334


# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

www.banglajobguide.tk

## অনলাইন আবেদনের শেষ তারিখ ২১ মে

বিভিন্ন বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়। বাংলা, ইংলিশ, হিন্দি, হিস্ট্রি, সংস্কৃত, সাঁওতালির পাশাপাশি অ্যানথ্রপলজি, সোশিওলজি, ফিশারিজ সায়েন্স, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, ফিলোজফি, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, বটানি, কম্পিউটার সায়েন্স, মাইক্রোবায়োলজি, জুলজি, হিউম্যান ফিজিওলজি, জিওগ্রাফি, ইলেক্ট্রনিক্স, ক্লিনিক্যাল নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্স ইত্যাদি বিভিন্ন বিষয়ে পড়ানো হবে।

**বিষয় অনুসারে আসনসংখ্যা:** বাংলা ১৩০টি, কমার্স ১১৮টি, ইকনমিক্স ৮২টি, ইংলিশ ১৩০টি, হিস্ট্রি ১৩০টি, হিন্দি ৬৩টি, ফিলোজফি ১৩০টি, পলিটিক্যাল সায়েন্স ১১২টি, সোশিওলজি ৭৫টি, সংস্কৃত ১১৮টি, সাঁওতালি ৬৩টি, এম বি এ ৬০টি, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স ১৬টি, অ্যানথ্রপলজি ৬৩টি, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স ১০০টি, বটানি ৭০টি, বায়ো-মেডিক্যাল ল্যাবরেটরি সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট ৩৭টি, কেমিস্ট্রি ৭০টি, কম্পিউটার সায়েন্স ৪২টি, ইলেক্ট্রনিক্স ৩০টি, ফিশারি সায়েন্স ৩৭টি, জিওগ্রাফি ৮১টি, হিউম্যান ফিজিওলজি ৫২টি, এম সি এ ৬০টি। মাইক্রোবায়োলজি ৩৭টি, ফিজিক্স ৭০টি, রিমোট সেন্সিং অ্যান্ড জি ই এস ৫৮, ক্লিনিক্যাল নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্স ৩৭টি।

**শিক্ষাগত যোগ্যতা:** কমার্সের ক্ষেত্রে কমার্স বা অ্যাকাউন্টেন্সি বা মার্কেটিংয়ে অনার্স-সহ স্নাতক।

এম বি এ-র ক্ষেত্রে অনার্স বা মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ সায়েন্স বা আর্টস বা কমার্স বা মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং বা আইনে স্নাতক। সেই সঙ্গে ম্যাট বা ক্যাট বা জয়েন্ট এন্ট্রান্স ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট বা বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত প্রবেশিকা পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে।

অ্যানথ্রপলজির ক্ষেত্রে অ্যানথ্রপলজি বা বটানি বা জুলজি বা ফিজিওলজি বা সোশ্যাল সায়েন্স বা জিওগ্রাফিতে অনার্স-সহ স্নাতক। অ্যানথ্রপলজিতে অনার্স পড়ে থাকলে অথবা পাস সাবজেক্ট হিসেবে অ্যানথ্রপলজি পড়ে থাকলে অগ্রাধিকার।

বায়োমেডিক্যাল ল্যাবরেটরি সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্টের ক্ষেত্রে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি বা ল্যাবরেটরি ইনস্ট্রুমেন্টেশনে স্নাতক। অথবা ফিজিওলজি বা জুলজি বা মলিকিউলার বায়োলজি বা মাইক্রোবায়োলজি বা বটানি বা বায়োকেমিস্ট্রি বা বায়োটেকনোলজিতে অনার্স-সহ বি এসসি। অথবা বি এসসি, সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। এম বি বি এস বা বি এ এম এস বা বি এইচ এম এস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। ২০১৬ বা ২০১৭ সালে হিউম্যান ফিজিওলজিতে এম এসসি ডিগ্রি করা থাকলে আবেদন করা যাবে।

ক্লিনিক্যাল নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্সের ক্ষেত্রে নিউট্রিশন বা নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্স বা ফুড সায়েন্স বা ক্লিনিক্যাল নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্স বা ফিজিওলজি বা হোম সায়েন্স বা মাইক্রোবায়োলজিতে অনার্স-সহ বি এসসি। অথবা নার্সিংয়ে বি এসসি। বি এইচ এম এস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স বা ফিজিক্সে অনার্স-সহ স্নাতক।

কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ফিজিক্স বা ম্যাথমেটিক্সে অনার্স-সহ স্নাতক।

ফিশারিজ সায়েন্সের ক্ষেত্রে অ্যাকোয়াকালচার ম্যানেজমেন্ট বা জুলজি বা মেরিন সায়েন্স বা লাইফ সায়েন্স বা বায়োকেমিস্ট্রি বা মাইক্রোবায়োলজিতে অনার্স-সহ স্নাতক। অথবা লাইফ সায়েন্সের যে-কোনও শাখায় অনার্স-সহ স্নাতক, সঙ্গে অন্যতম বিষয় হিসেবে জুলজি পড়ে থাকতে হবে। অথবা ইন্ডাস্ট্রিয়াল ফিশ অ্যান্ড ফিশারিজে ভোকেশনাল ডিগ্রি কোর্স পাশ।

রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেমের ক্ষেত্রে জিওগ্রাফি বা জিওলজি বা এগ্রিকালচারাল সায়েন্স বা বায়োসায়েন্স বা কেমিস্ট্রি বা ফিজিক্স বা ম্যাথমেটিক্স বা কম্পিউটার সায়েন্স বা ইলেক্ট্রনিক্সে অনার্স-সহ স্নাতক।

মাস্টার অব লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের ক্ষেত্রে ব্যাচেলর অব লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স কোর্স পাশ।

বাকি সব বিষয়ের ক্ষেত্রে সমতুল বা সংশ্লিষ্ট বিষয়ে অনার্স-সহ স্নাতক।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। মোট ৫০টি প্রশ্ন। প্রশ্নের মান ১ নম্বর করে। সময় ১ ঘণ্টা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vidyasagar.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ২১ মে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ২৫০ টাকা। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**Admission going on 2018-19 session**

**HALDIA INSTITUTE OF HEALTH SCIENCES**

(An Institution of ICARE) Estd. – 2003, ( ICARE Complex, PO-Hatiberia, Haldia, Dist-Purba Medinipur, WB
Ph – 03224-255968/255587/267165, E-Mail – principalhihs@gmail.com, Web – www.hihshaldia.in
Recognized By: DME, Swasthya Bhawan; DHE, Bikas Bhawan Govt. of WB and UGC under 2(f), MHRD, Govt. of India

**Courses:** 1) BPT (WBUHS), 2) MPT in Ortho/Neuro (WBUHS), 3) BMLT (VU), M.Sc 4) MLT in Biochemistry/ Microbiology/ Pathology & Blood Transfusion* (WBUHS), 5) B.Sc (H) Nutrition (VU) 6) M.Sc in Applied Nutrition (WBUHS), 7) Master of Hospital Administration (WBUHS), 8) DOTT & DRD (SMF). [WBUHS – West Bengal University of Health Sciences, VU – Vidyasagar University SMF – State Medical Faculty of WB] 9) B.Sc in Physician Assistant (B.Sc PA)

**Facilities :-** Academically attached with Haldia Medical & Dental College and 520 bedded own multispecialty Hospital ; Separate Boys & Girl's Hostel with canteen Bank, Post Office, ATM, Play Ground, Gymnasium, Auditorium in campus

**Job Vacancy:** Assistant Professor for Physiotherapy (one), Hospital Administration (Two), Medical Laboratory Technology (One), Nutrition (One), Anatomy (One) (M.Sc in Anatomy), Physiology (One) ( M.Sc in Medical Physiology), Bio-Statistician (One) Laboratory Assistant (Two).

**Note:** For Details view our website (www.hihshaldia.in) or call -9733684544/9641717084

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কী পড়বেন, কোথায় পড়বেন

## ফাউন্ড্রি টেকনোলজি এবং ফর্জ টেকনোলজির অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স



ফাউন্ড্রি টেকনোলজি এবং ফর্জ টেকনোলজির অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে রাঁচির ন্যাশনাল ইনস্টিটিউট অব ফাউন্ড্রি অ্যান্ড ফর্জ টেকনোলজি। দু'টি কোর্সেরই মেয়াদ দেড় বছর করে। কোর্স চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**আসনসংখ্যা:** বিষয়প্রতি: ৪৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** অটোমোবাইল বা মেটালার্জিক্যাল বা মেকানিক্যাল বা প্রোডাকশন বা ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। অথবা ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স নিয়ে বি এসসি ডিগ্রি। সব ক্ষেত্রেই ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পাওয়া বাধ্যতামূলক।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ২,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৪ জুন (রবিবার), রাঁচিতে। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে প্রয়োজনে কলকাতাতেও পরীক্ষা নেওয়া হতে পারে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nifft.ac.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ড্রাফটটি 'National Institute of Foundry and Forge Technology'-র অনুকূলে রাঁচিতে প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ৩০ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Dean (Academic), NIFFT, Hatia, Ranchi-834 003.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৬৫১-২২৯২০৩০।


## ফুরোবার আগেই সংগ্রহ করুন





# বেনারস হিন্দু ইউনিভার্সিটিতে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি

এনভায়রনমেন্টাল সায়েন্সেস, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং এবং বিজনেস ইকনমিক্স অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে বেনারস হিন্দু ইউনিভার্সিটি। এনভায়রনমেন্টাল সায়েন্সেসের স্পেশ্যালাইজেশনের শাখাগুলি হল: আর্থ অ্যান্ড অ্যাটমোস্ফেরিক সায়েন্সেস, ইকোলজিক্যাল সায়েন্সেস এবং এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।



কোর্সের বিবরণ: কোর্স কোড ৭১৩: **এম এসসি ইন এনভায়রনমেন্টাল সায়েন্স:** স্পেশ্যালাইজেশন অনুসারে আসনসংখ্যা: আর্থ অ্যান্ড অ্যাটমোস্ফেরিক সায়েন্সেস: ১০টি, ইকোলজিক্যাল সায়েন্সেস: ১০টি এবং এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বি এসসি বা বি এসসি (অনার্স) বা বি এসসি (এগ্রিকালচার) বা বি ফার্ম বা বি ই বা বি টেক। এম বি বি এস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। কোর্স ফি: মোট ৬০,০০০ টাকা। কোর্সটি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট অ্যান্ড সাস্টেনেবল ডেভেলপমেন্টে।

কোর্স কোড ৭১২: **মাস্টার ইন বিজনেস ইকনমিক্স অ্যান্ড ম্যানেজমেন্ট:** আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। কোর্স ফি: সেমেস্টার প্রতি ৪০,০০০ টাকা।

কোর্স কোড ৭১১: **এম এসসি ইন ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং:** আসনসংখ্যা: ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর ও ম্যাথমেটিক্সে অনার্স-সহ বি এ বা বি এসসি। অথবা বি এ বা বি এসসি, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে অবশ্যই ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। কোর্স ফি: মোট ৫০,০০০ টাকা। কোর্সটি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ইনস্টিটিউট অব সায়েন্সে।

সবক্ষেত্রেই তফসিলি প্রার্থীদের পাস নম্বর পেলেই চলবে। ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা শিক্ষাগত যোগ্যতায় ৫ শতাংশ নম্বরের ছাড় পাবেন। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৪ জুন। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষায় ১২০টি মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ৩। সময় ২ ঘণ্টা।


অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhuonline.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ মে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো এবং সই (উভয়ই ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা অফলাইনে এইচ ডি এফ সি ব্যাঙ্ক চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকে। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.bhu.ac.in

# ই ডি আইয়ে কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং, সবজি ফল ফুল রপ্তানির কোর্স



নিজস্ব প্রতিনিধি: কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং উইথ ই-ফাইলিং এবং সবজি, ফল, ফুল রপ্তানির প্রশিক্ষণ কোর্সে ভর্তি নিচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই)। দু'টি কোর্সই শুরু হবে জুন মাসের প্রথম সপ্তাহে।

কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং উইথ ই-ফাইলিংয়ের কোর্সটি ওয়েবেল ইনফর্মেটিক্সের সঙ্গে যৌথ উদ্যোগে পরিচালিত হবে। কোর্সের মেয়াদ ৩ মাস। কমার্স গ্র্যাজুয়েটরা কম্পিউটার ব্যবহারে সড়গড় হলে এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। ই ডি আইয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, কোর্সের ই-ফাইলিং অংশে আয়করের সঙ্গে জি এস টি ফাইলিংয়ের পদ্ধতি শেখানো হবে।

ক্লাস হবে সোম, বৃহস্পতি, শুক্রবার, সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত।

**ফি:** ৯,০০০ টাকা। সঙ্গে ১৮ শতাংশ হারে জি এস টি যুক্ত হবে।

সবজি, ফল, ফুল রপ্তানি-সংক্রান্ত কোর্সের (এক্সপোর্ট ওরিয়েন্টেড বিজনেস ইন হর্টিকালচারাল অ্যান্ড ফ্লোরিকালচার প্রোডাক্ট) মেয়াদ ৫ সপ্তাহ। অন্তত মাধ্যমিক পাশ হলেই এই কোর্সে ভর্তির জন্য আবেদন করা যাবে।

উল্লেখ্য, দেশের মধ্যে দূরবর্তী বাজারগুলিতে সবজি, ফল, ফুল বিপণন এবং সেইসঙ্গে রপ্তানির পদ্ধতি-প্রকরণ শেখানো হয় এই কোর্সে।

**ফি:** ৬,০০০ টাকা। সঙ্গে প্রযোজ্য হারে জি এস টি ধার্য হবে।


উভয় কোর্সের ক্ষেত্রেই আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

যোগাযোগের ঠিকানা: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সেক্টর-থ্রি (কলম্বিয়া এশিয়া হসপিটালের পাশে), সল্টলেক, কলকাতা-৭০০ ১০৬। ফোন: ২৩৩৫-৭২৫৮/৭৬৮১। ওয়েবসাইট: www.edikolkata.org

কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং উইথ ই-ফাইলিং কোর্স-সম্পর্কিত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানাতেও: ওয়েবেল ইনফর্মেটিক্স লিমিটেড, ২২৫ এফ, এ জে সি বোস রোড, পঞ্চম তল, কলকাতা-৭০০ ০২০। ফোন: ২২৮৩-৩৫৬৭/৬৮/৬৯।

www.banglajobguide.tk

# কলকাতা বিশ্ববিদ্যালয়ে হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের এম বি এ কোর্সে ভর্তি



হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের ২ বছরের এম বি এ (মাস্টার অব বিজনেস ম্যানেজমেন্ট) কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিজনেস ম্যানেজমেন্ট বিভাগ। কোর্স করানো হবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আলিপুর ক্যাম্পাসে। তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে। স্পনসর্ড প্রার্থীরাও আবেদনের যোগ্য।

**শিক্ষাগত যোগ্যতা:** বি ই বা বি টেক। মেডিক্যাল সায়েন্সে ডিগ্রি বা পেশাদারি কোর্সে স্নাতক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সেই সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা জয়েন্ট এন্ট্রান্স ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (জেম্যাট) বা সমতুল জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষার স্কোর থাকতে হবে।

**কোর্স ফি:** ১,৩০,০০০ টাকা। এর মধ্যে কশান মানি বাবদ ১০,০০০ টাকা ফেরতযোগ্য।

প্রাথমিকভাবে ক্যাট বা ম্যাট বা জেম্যাট অথবা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ে ডাকা হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in বা www.bmcaluniv.org আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র ২২ মে-র মধ্যে যে-কোনও কাজের দিন দুপুর ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: Department of Business Management, University of Calcutta, Alipore Campus (6th Floor), 1, Reformatory Street, Kolkata-700 027. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓ ফি বাবদ ১,৫০০ টাকার (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। এটি 'University of Calcutta'-র অনুকূলে প্রদেয় হতে হবে।
- ✓ বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।
- ✓ কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ অন্যান্য প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।

আরও কী পড়বেন, কোথায় পড়বেন ...পৃষ্ঠা ১৫

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন, ২০১৮'-য় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —বিপুল মণ্ডল, মুড়িগঙ্গা, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন, ২০১৮'-র শিক্ষাগত যোগ্যতা: কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনও শাখার গ্র্যাজুয়েট। যাঁরা স্নাতকস্তরের চূড়ান্ত পরীক্ষা দিয়েছেন, শর্তসাপেক্ষে তাঁরাও আবেদন করতে পারেন। এন সি সি 'বি' অথবা 'সি' গ্রেড সার্টিফিকেটধারীরা অগ্রাধিকার পাবেন। পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৬৫ সেমি, বুকের ছাতি হতে হবে ফুলিয়ে ও না-ফুলিয়ে যথাক্রমে ৮৬ ও ৮১ সেমি। ওজন হতে হবে ৫০ কেজি অথবা উচ্চতা অনুপাতে। দূরের ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে চশমা-সহ ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১২, অথবা দু'চোখেই ৬/৯। কাছের ক্ষেত্রে সংশোধিত দৃষ্টিশক্তি ভালো চোখে এন-৬ এবং খারাপ চোখে এন-৯ হতে হবে। মায়োপিয়া (সিলিন্ডার-সহ) থাকলে মাইনাস ৪.০০ ডি এবং হাইপার-মেট্রোপিয়া (সিলিন্ডার-সহ)-র ক্ষেত্রে প্লাস ৪.০০ ডি-র মধ্যে হতে হবে। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। ওয়েবসাইট: www.upsc.gov.in

## ব্যাঙ্ক

□ *স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —চঞ্চল মজুমদার, অক্রুরহাটি, হাওড়া।*

□□ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ৩১ অগস্টের মধ্যে মার্কশিট দাখিল করতে হবে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের (প্রিলিমিনারি ও মেন) অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর) এবং রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে। সময়সীমা বিষয়প্রতি ২০ মিনিট। মেন পরীক্ষায় ২০০ নম্বরের অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (সময়সীমা ১ ঘণ্টা), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৪৫ মিনিট), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (৩৫ মিনিট), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ মিনিট) বিষয়ে। এছাড়া ইংলিশ ল্যাঙ্গুয়েজ (লেটার রাইটিং ও এসে রাইটিং) বিষয়ক ডেসক্রিপটিভ ধরনের মোট ৫০ নম্বরের প্রশ্ন থাকবে। সময়সীমা ৩০ মিনিট। সবশেষে গ্রুপ ডিসকাশন (২০ নম্বর) এবং ইন্টারভিউ (৩০ নম্বর)। ১৩ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দু'টি ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers, https://www.sbi.co.in/careers

□ *ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অফিসার (ক্রেডিট) পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —বিশাখা দাস, কুসুমপুর, পূর্ব মেদিনীপুর।*

□□ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অফিসার (ক্রেডিট) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষায় প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৫০ নম্বর), ব্যাঙ্কিং শিল্প-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর) এবং ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট (৫০ নম্বর) বিষয়ে। মোট সময়সীমা ২ ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। ওয়েবসাইট: www.bankofindia.co.in

## কোর্স, ট্রেনিং

□ *কল্যাণীর ইনস্টিটিউট অব পাবলিক হেলথে পাবলিক হেলথ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —দেবব্রত দাস, বৈকুণ্ঠপুর, বর্ধমান।*

□□ মাস্টার অব পাবলিক হেলথ (এম পি এইচ) কোর্সটি পড়িয়ে থাকে কল্যাণীর ইনস্টিটিউট অব পাবলিক হেলথ। কোর্সটি দ্য ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস কর্তৃক অনুমোদিত। শিক্ষাগত যোগ্যতা: সোশিওলজি, ইকনমিক্স, অ্যানথ্রপলজি, জিওগ্রাফি, রুর‍্যাল ডেভেলপমেন্ট, সাইকোলজি, মাইক্রোবায়োলজি, ফিজিওলজি, বটানি, জুলজি, বায়োটেকনোলজি, ডেভেলপমেন্ট স্টাডিজ, নার্সিং এবং ফার্মাসির মধ্যে যে-কোনও একটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। এছাড়া এম বি বি এস, বি এইচ এম এস, বি এ এম এস এবং বি ডি এস ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করা হয়ে থাকে একটি লিখিত পরীক্ষা (৭৫ নম্বর) এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের (২৫ নম্বর) মাধ্যমে। লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস এবং ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন হয়। সময় ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.wbuhs.ac.in

□ *কোচির সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিংয়ে নটিক্যাল সায়েন্সে স্পেশ্যালাইজেশন-সহ ব্যাচেলর অব ফিশারি সায়েন্স কোর্সে ভর্তি হতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অনুপ সাহা, চিলখানা, কোচবিহার।*

□□ কোচির সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিশারিজ নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ট্রেনিংয়ে ব্যাচেলর অব ফিশারি সায়েন্স (নটিক্যাল সায়েন্স) কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইংরেজি ও অঙ্কে ৫০ শতাংশ নম্বর ও বিজ্ঞানের অন্যান্য বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর পেলেই আবেদন করা যাবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। আবেদনের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.cifnet.gov.in ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। এটি 'Senior Administrative Officer, CIFNET'-এর অনুকূলে এর্নাকুলমে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ১৬ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Central Institute of Fisheries Nautical & Engineering Training, Fine Arts Avenue, Kochi-682016.

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্সে ভর্তি হতে চাই। কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —ঋতব্রত চক্রবর্তী, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিজনেস ম্যানেজমেন্ট বিভাগ। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় অনার্স-সহ স্নাতক। ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা মেডিক্যাল সায়েন্স পেশাদারি কোর্স বা সমতুল কোনও বিষয়ে স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। পাশাপাশি, কমন অ্যাডমিশন টেস্ট বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্ট বা জাতীয় স্তরের সমতুল কোনও পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে জাতীয় স্তরের ম্যানেজমেন্ট প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত স্কোর, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। ওয়েবসাইট: www.bmcaluniv.org, www.caluniv.ac.in

## অন্যান্য চাকরি

□ *ন্যাশনাল অ্যালুমিনিয়াম কোম্পানিতে (ন্যালকো) ইলেক্ট্রনিক্স শাখায় গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —শ্যামল বিশ্বাস, মহেশপুর, নদিয়া।*

□□ ন্যাশনাল অ্যালুমিনিয়ামে ইলেক্ট্রনিক্স শাখায় গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন বা টেলিকম বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সেই সঙ্গে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ই সি) পত্রে গেট-২০১৮ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.nalcoindia.com

□ *মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে ফায়ারম্যান পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —অলক দাস, বলরামপুর, পুরুলিয়া।*

□□ মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে ফায়ারম্যান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। এ ছাড়া উচ্চতা হতে হবে ১৬৫ সেমি। তফসিলি উপজাতি প্রার্থীরা ২.৫ সেমি ছাড় পাবেন। বুকের ছাতি থাকতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১.৫ সেমি ও ৮৫ সেমি। ওজন হবে হবে অন্তত ৫০ কেজি। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র মুম্বই। লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল অ্যাওয়্যারনেস অন ফায়ার ফাইটিং। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রতিটি বিভাগ ২০ নম্বর। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬৩.৫ কেজি ওজনের বস্তু বা একজন মানুষকে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার বয়ে নিয়ে যাওয়া, দু'পায়ে লাফিয়ে ২.৭ মিটারের পরিখা অতিক্রম (লং জাম্প) ও হাত-পায়ের সাহায্যে দড়ি ধরে ৩ মিটার ওঠা। ওয়েবসাইট: www.bhartiseva.com

□ *ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশনে (এন টি পি সি) অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট্রি ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —দিব্যাঙ্গনা কর, চণ্ডীতলা, হুগলি।*

□□ এন টি পি সি-তে অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট্রি ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কেমিস্ট্রিতে এম এসসি। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে সেপ্টেম্বরের মধ্যে রেজাল্ট হাতে পেয়ে থাকতে হবে। ওয়েবসাইট: www.ntpccareers.net

□ *ইন্ডিয়ান টেলিফোন ইন্ডাস্ট্রিজে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —কল্পনা জানা, কালিকাতলা, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইন্ডিয়ান টেলিফোন ইন্ডাস্ট্রিজে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৬৩ শতাংশ) নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। গেট পরীক্ষার বৈধ স্কোর কার্ড থাকলে অগ্রাধিকার। ওয়েবসাইট: www.itiltd-india.com

□ *পুদুচেরির জিপমারে (জওহরলাল ইনস্টিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ) লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন থাকবে? —শ্যাম নন্দী, মাজদিহা, বাঁকুড়া।*

□□ পুদুচেরির জিপমারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে টাইপ রাইটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ২৫টি শব্দ অথবা কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক লিখিত পরীক্ষা ও কম্পিউটার স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (১০০ নম্বর), নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড (১০০ নম্বর), জেনারেল ইংলিশ (১০০ নম্বর) এবং জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স (১০০ নম্বর) বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.jipmer.puducherry.gov.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## বি এড ছাড়া মাধ্যমিক থেকে মাস্টার ডিগ্রি পর্যন্ত নম্বরের কোনও গুরুত্বই নেই?

আমি 'কর্মক্ষেত্র' পত্রিকার দীর্ঘদিনের পাঠক। বহুলপঠিত এই পত্রিকার 'চাই সুবিচার' বিভাগে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় সকলের সামনে তুলে ধরতে চাই।

গত বছর আমি ৬২ শতাংশে নম্বর-সহ ইংরেজিতে এম এ পাশ করেছি। পরিবারের আর্থিক সামর্থ্য না থাকায় বি এড করতে পারিনি। তবে মাধ্যমিক থেকে স্নাতকোত্তর পর্যন্ত, সব স্তরেই প্রথম শ্রেণিতে উত্তীর্ণ হয়েছি। ২০১৬-র নির্দেশিকা অনুযায়ী, ন্যাশনাল কাউন্সিল ফর টিচার এডুকেশন (এন সি টি ই) স্কুল সার্ভিসের মাধ্যমে নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বি এড বাধ্যতামূলক করেছে। এই নির্দেশিকা আমার মতো লক্ষ লক্ষ বি এডহীন পরীক্ষার্থীর কাছে চূড়ান্ত হতাশার। বরং 'বি এড থাকলে অগ্রাধিকার', পূর্বের এই নিয়মটি অনেক বেশি গ্রহণযোগ্য ছিল। বি এড যদি বাধ্যতামূলকই হয়, তাহলে তো ধরেই নিতে হবে বি এড ডিগ্রিধারীরা সবাই চাকরি পাবেনই। কিন্তু বি এড ডিগ্রি থাকা সত্ত্বেও যাঁরা চাকরি পাবেন না তাঁদের দায় কে নেবে? তাঁরা কি বেসরকারি স্কুলে চুক্তির ভিত্তিতে পাঁচ-ছ'হাজার টাকা বেতনের চাকরিতে যোগ দেবে? রাজ্যে গুটিকতক সরকারি বি এড কলেজ থাকায় সেখানে ভর্তি হওয়া খুবই কঠিন। তাহলে নির্ভর করতে হয় বেসরকারি বি এড কলেজগুলির ওপর, যেখানে খরচ ২-৩ লাখ টাকা, যা আমাদের মতো গরিব পরিবারের অভিভাবকদের পক্ষে বহন করা কোনও দিনই সম্ভব নয়। ধরেও নিই যদি, কষ্টেসৃষ্টে ব্যাঙ্ক থেকে লোন করে কোনও ক্রমে বি এড ডিগ্রি অর্জন করলাম, তার পরেও কোনও নিশ্চয়তা আছে কি চাকরির? সরকারি বা বেসরকারি? নেই। তাহলে? ধার তো শোধ করতে হবে। অনিশ্চিত ভবিষ্যতের আশঙ্কায় বি এড করার সিদ্ধান্ত নেওয়া কোনও নিম্নবিত্তের পরিবারের পক্ষে নেওয়া সম্ভবপর কি?

> বি এড যদি বাধ্যতামূলকই হয়, তাহলে তো ধরেই নিতে হবে বি এড ডিগ্রিধারীরা সবাই চাকরি পাবেনই। কিন্তু বি এড ডিগ্রি থাকা সত্ত্বেও যাঁরা চাকরি পাবেন না তাঁদের দায় কে নেবে? তাঁরা কি বেসরকারি স্কুলে চুক্তির ভিত্তিতে পাঁচ-ছ'হাজার টাকা বেতনের চাকরিতে যোগ দেবে? রাজ্যে গুটিকতক সরকারি বি এড কলেজ থাকায় সেখানে ভর্তি হওয়া খুবই কঠিন।

প্রশ্ন আরও ওঠে— বি এড ডিগ্রিই কি সব? মাধ্যমিক থেকে মাস্টার ডিগ্রি পর্যন্ত লেখাপড়ার কি কোনও গুরুত্বই নেই? বরং অনেক বেশি উচিত পন্থা হল, শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চাকরিতে নিয়োগের পর নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রার্থীর বি এড ডিগ্রি সম্পূর্ণ করে নেওয়া। চাকরিটাও নিশ্চিত রইল, আবার শিক্ষকতায়ও ঋদ্ধ হয়ে উঠল। হাইকোর্ট, সুপ্রিম কোর্টে এই নিয়ে এত মামলা হয়, এই মতামতগুলো কি কেউ সেখানে তুলে ধরেন না? নাকি এই দিকগুলো সম্পূর্ণ উপেক্ষা করা হয়? কিন্তু একটা ব্যাপারে বিলক্ষণ বুঝি, গোটা প্রক্রিয়ায় গলদ রয়ে গিয়েছে প্রচুর। যার জেরে ক্ষতিগ্রস্ত হচ্ছে আর্থিক পরিকাঠামোর বিশেষ শ্রেণিতে অবস্থানকারী একটা প্রজন্ম। কেন্দ্র ও রাজ্য উভয় সরকারের কাছেই একান্ত অনুরোধ, বিষয়টি গুরুত্ব সহকারে পুনর্বিবেচনা করুন।

কার্তিক দেবনাথ, মামুদপুর, পূর্ব বর্ধমান।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।


## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial**


এখন আমরা গত সংখ্যায় দেখানো PV (Present Value) এবং Rate— এই ফাংশান দু'টি কীভাবে Function Arguments-এর মাধ্যমে ব্যবহার করা যায় তা শিখব।

**Function Arguments-এর মাধ্যমে PV (Present Value) বের করতে হলে**

⇨ প্রথমে যে Worksheet-এ Present Value (PV)-র Chart-টি আছে, সেটি Open করুন।




⇨ Formula → Financial→ PV-তে ক্লিক করুন। Function Arguments-এর ডায়ালগ বক্স আসবে।





⇨ ওপরের Chart অনুযায়ী—

- Rate-এর ঘরে লিখুন 0.08 (সুদের হার)
- Nper-এর ঘরে লিখুন 10 (মোট কিস্তির পরিমাণ)
- Pmt-র ঘরে লিখুন –40000 (প্রতি কিস্তিতে জমাকৃত অর্থ)

*** এক্ষেত্রে Pmt-র value –40000 হবে, কারণ আগেই বলা হয়েছে কিস্তিতে টাকা জমা দেওয়া হলে Argument-এ সব টাকা ঋণাত্মক (নেগেটিভ) হবে এবং গ্রহণ করা হলে ধনাত্মক (পজিটিভ) হবে।

⇨ দেখুন, Formula result-এ দেখাচ্ছে Rs. 268,403.26.




**Function Arguments-এর মাধ্যমে RATE বের করতে হলে**

গত সংখ্যায় উদাহরণটি ছিল এইরকম:

ধরা যাক, আপনি ব্যাঙ্ক থেকে 50,000 টাকা ঋণ নিলেন। প্রতি মাসে 1000 টাকা করে 5 বছর জমা দিতে হবে। এক্ষেত্রে প্রতি পিরিয়ডে সুদের হার কত?

এক্ষেত্রে,
কিস্তির সংখ্যা, nper = 5 × 12 = 60
pmt, প্রতি কিস্তিতে দেয় টাকা = –1000
বর্তমান মূল্য, pv = 50,000 টাকা
প্রতি মাসে সুদের হার = ?


⇨ Formula → Financial→ PV-তে ক্লিক করুন। Function Arguments-এর ডায়ালগ বক্স আসবে।

⇨ Nper-এর ঘরে লিখুন— 60 (কিস্তির সংখ্যা, nper = 5 × 12 = 60)

⇨ Pmt-এর ঘরে লিখুন— –1000 (প্রতি কিস্তিতে দেয় টাকা)

⇨ Pv-এর ঘরে লিখুন— 50000 (বর্তমান মূল্য)

⇨ দেখুন, Formula result-এ দেখাচ্ছে Rs. 0.006183413




⇨ এবার 'OK' করে 'Function Arguments'-এর ডায়ালগ বক্স থেকে বেরিয়ে আসুন। লক্ষ করুন, Cell pointer-টি যে Cell-এ ছিল, সেই Cell-এ result দেখাচ্ছে— 1.

⇨ ওই Cell-এ right click করে 'Format Cell' থেকে Decimal places-এ গিয়ে value '2' দিয়ে 'OK' করুন। দেখুন, Rate of Interest 0.62% দেখাচ্ছে।

### PMT

এই সূত্রটির সাহায্যে কোনও ঋণ নির্দিষ্ট সংখ্যক কিস্তিতে নির্দিষ্ট সুদের হারে পরিশোধ করতে হলে প্রতি কিস্তিতে কত টাকা করে দিতে হবে তা নির্ণয় করা যায়। এর syntax-টি হল—

=PMT (rate, nper, pv, fv, type)

এখানে,
Rate = সুদের হার
nper = কিস্তির সংখ্যা
pv = বর্তমান মূল্য
fv = ভবিষ্যৎ মূল্য
type = 1 বা 0 (সূত্রে কিছু লেখা না থাকলে '0' ধরে নেয়)

*** এখানে একটি কথা বলে রাখা প্রয়োজন, PMT যে অর্থের পরিমাণ দেখায়, তা Principal amount এবং interest নিয়ে হয়। কিন্তু এখানে কোনও Loan সম্পর্কিত tax, fees ইত্যাদি যুক্ত থাকে না।

*** PMT হিসেব করার সময় আপনাকে সচেতন থাকতে হবে rate এবং nper-এর unit নিয়ে। মনে করুন, আপনি কোনও মাসিক payment করতে চান, 12% বার্ষিক সুদের হারে 4 বছরের জন্য। সেক্ষেত্রে Rate-এ ব্যবহার করতে হবে 12% / 12 এবং nper-এ ব্যবহার করতে হবে 4*12। আবার, এই loan-টির যদি বার্ষিক payment করতে চান, তাহলে rate-এর জন্য ব্যবহার করুন 12 এবং nper-এর জন্য ব্যবহার করুন 4। আশা করি, আপনারা সকলে বুঝতে পেরেছেন। আসুন, এবার একটি উদাহরণ দিয়ে বোঝার চেষ্টা করি—

মনে করুন, বার্ষিক সুদের হার, Rate = 8%
মোট কিস্তির সংখ্যা, nper = 10
মোট টাকা (লোনের পরিমাণ) PV = 10000
এখন আমাদের বের করতে হবে, কিস্তিতে প্রদেয় টাকা কত?
এর syntax-টি হবে: = PMT (8%/12, 10, 10000)


Result আসবে 1037.03

অর্থাৎ, প্রতি মাসে ব্যাঙ্কে 1037.03 টাকা করে জমা দিতে হবে।

একই ঋণের জন্য মাসের শুরুতে টাকা জমা দিতে হবে—

=PMT(8%/12,10,10000,0,1)
= 1030.16

এখানে, FV (Future Value) = 0
Type = 1




ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



আমি উচ্চমাধ্যমিক পাশ। হার্ডওয়্যারের ডিপ্লোমা কোর্স করছি। এরপর বা এর সঙ্গে কম্পিউটারের আর কী কোর্স করলে চাকরির ক্ষেত্রে সুবিধা হবে? —শঙ্কর জানা, গুসকরা, বীরভূম।

□□ হার্ডওয়্যারের কাজটাই খুব ভালো করে শিখে নিলে চাকরি পেতে খুব একটা অসুবিধা হয় না। স্বাধীনভাবে কাজও করতে পারেন। বর্তমানে নেটওয়ার্কিংয়ের কাজ জানাটাও খুব জরুরি। এই দু'টি শিখে নিয়ে এরপর অ্যাডভান্সড ডিপ্লোমা স্তরের আরও কিছু কোর্স করে নিলে বাড়তি সুবিধা পাবেন।

কম্পিউটারের যন্ত্রাংশ বিক্রির ব্যবসা করতে চাই। আমি সফটওয়্যার অ্যাপ্লিকেশনের একটি সার্টিফিকেট কোর্স করেছি। আর কী ধরণের প্রশিক্ষণের প্রয়োজন? —শামসুল হক, জগদ্দল, উত্তর ২৪ পরগনা।

□□ কম্পিউটারের যন্ত্রাংশ বিক্রি বা সেই সংক্রান্ত কোনও কাজ করতে চাইলে কম্পিউটারের হার্ডওয়্যার সংক্রান্ত কোনও কোর্স করা উচিত। কম্পিউটার হার্ডওয়্যার মেন্টেন্যান্স এবং পিসি অ্যাসেম্বলিংয়ের কোর্স করা থাকলে শুধু কম্পিউটারের যন্ত্রাংশই নয়, নিজেই আপনার ক্রেতাদের কম্পিউটার বানিয়ে দিতে পারবেন।

ট্যালি সফটওয়্যারটি কি এফ এ-র সব কোর্সেই শেখানো হয়? —প্রবীর দত্ত, নদিয়া।

□□ এফ এ বলতে আপনি নিশ্চয়ই ফিনানশিয়াল অ্যাকাউন্টিংয়ের কথাই বলছেন। এই কোর্সে ট্যালি অবশ্যই শেখানো হয়।

আজিজুর রহমান কলেজ অফ এডুকেশন
NCTE স্বীকৃত
B.Ed
(WBUTTEPA অনুমোদিত)
D.El.Ed
(WBBPE অনুমোদিত)
মাত্র 5000 টাকায় সীটবুক চলছে
All Students & Agent are welcome
নিউগড়িয়া, পিয়ারলেস হসপিটালের কাছে
Contact : 9874606164, 8777049063

আজও সফলতার শীর্ষে এবং সবচেয়ে পুরানো ও বিশ্বস্ত প্রতিষ্ঠান
HALDAR ACADEMY
ISO 9001 : 2008 Certified
ভর্তি চলছে : B.Ed., D.El.Ed., M.Ed., D.Pharm, মাধ্যমিক, H.S, BA, MA, B.Sc., M.Sc., BBA, BCA etc.
NCTE, WBBPE & PCI App.
9007697749, 7890017038
সোনারপুর, কলকাতা-১৫০

Admission in B.Ed 2018
JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara
Kolkata - 700109 | Ph: 8697743361/ 8697743362
National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয় ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিজ্ঞপ্তি। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com তে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপের ব্যবস্থা। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৮ এপ্রিল-২ মে

**২৮ এপ্রিল** পশ্চিম রাখাইনের পর এবার উত্তপ্ত হয়ে উঠল মিয়ানমারের উত্তরাংশে। চিনের সীমান্তবর্তী কাচিন ও শান প্রদেশে সংঘর্ষ চলছে সেখানকার জাতিগত বিদ্রোহী গোষ্ঠীর সঙ্গে মিয়ানমারের সেনার। খবরে প্রকাশ এই সংঘর্ষে ঘরছাড়া হয়েছেন হাজার হাজার মানুষ। 'কাচিন ইন্ডিপেন্ডেন্স আর্মি'-র সঙ্গে সরকারের শান্তিচুক্তি ২০১১ সালেই ভেঙে যায়। তার পর থেকেই চলছে দফায় দফায় অশান্তি। সেখানে যাতে রাখাইনের মতো পরিস্থিতি তৈরি না হয় তা নিশ্চিত করতে রাষ্ট্রপুঞ্জের আধিকারিকরা বিশেষ উদ্যোগী হচ্ছেন বলে জানা গেছে।

## চিনা শিল্পীর দুর্লভ ছবি চিনকে দিলেন মোদী



২৯ এপ্রিল: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর চিন দৌত্যে জড়িয়ে গেল রবীন্দ্রনাথের অবদান। শান্তিনিকেতনে শিক্ষকতা করতে আসা বিখ্যাত চিনা শিল্পী জু বেয়ংয়ের আঁকা দুটি ছবি অন্য অনেক উপহারের সঙ্গে মোদী তুলে দেন চিনা রাষ্ট্রপতি শি চিনফিংয়ের হাতে। বেয়ংকে ১৯৪০ সালে কলাভবনে শিক্ষক করে নিয়ে আসেন রবীন্দ্রনাথ। কলা-সংস্কৃতির মেলবন্ধনে ভারত ও চিনকে একসূত্রে বাঁধতে চেয়েছিলেন তিনি। বেয়ংয়ের আঁকা ছবি দু'দেশের কূটনীতির বন্ধনকে আরও শক্ত করার সাক্ষী থাকল। বিশ্বভারতীর উপাচার্য সবুজকলি সেনও বলেছেন, ভারত ও চিনের সেতুবন্ধনে কাজে লাগানোর জন্য জু বেয়ংয়ের ছবি আইসিসিআরের (ইন্ডিয়ান কাউন্সিল অব কালচারাল রিসার্চ) হাতে তুলে দিতে পেরে আমরা গর্বিত।

**২৯ এপ্রিল** স্বাধীনতার পরে এই প্রথমবার যৌথ সামরিক মহড়ায় যোগ দেবে ভারত ও পাকিস্তান। আগামী সেপ্টেম্বরে উরাল পার্বত্য অঞ্চলে এই মহড়ায় যোগ দেবে চিন-সহ বেশ কয়েকটি দেশ। সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশনের সদস্য ৮ দেশের উদ্যোগে হবে এই মহড়া। শান্তি প্রক্রিয়া জোরদার করা ও সন্ত্রাসের বিরুদ্ধে লড়াইয়ে সহযোগিতা বাড়ানোই এই মহড়ার উদ্দেশ্য।

**দক্ষিণ কোরিয়ার সংবাদমাধ্যম জানাল,** উত্তর কোরিয়ার শাসক কিম জং উন প্রতিশ্রুতি দিয়েছেন, মে মাস থেকে তাঁর দেশে পরমাণু পরীক্ষার সব কেন্দ্র বন্ধ করে দেবেন। সবকিছু খতিয়ে দেখার জন্য দক্ষিণ কোরিয়া এবং আমেরিকার বিশেষজ্ঞ ও সাংবাদিকদের রাজধানী পিয়ংইয়ংয়ে প্রবেশাধিকার দেওয়া হবে। দুই কোরিয়ার বৈঠকের পর এ দিনই দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্টের দপ্তর জানিয়েছে, কিম ওই আলোচনায় মুনকে বলেন, 'আমেরিকা বরাবরই উত্তর কোরিয়ার প্রতি শত্রুভাবাপন্ন। কিন্তু আমেরিকা বা দক্ষিণ কোরিয়ায় পরমাণু অস্ত্র নিয়ে হামলা চালানোর মানুষ আমি নই। আমেরিকা আক্রমণ না করলে পরমাণু নিরস্ত্রীকরণ হবে। এ বার থেকে ঘনঘন বৈঠক করে আমেরিকার সঙ্গে পারস্পরিক বিশ্বাসের জায়গাটা যদি তৈরি করা যায়, তা হলে পরমাণু অস্ত্র রাখার কোনও কারণই নেই। প্রতিশ্রুতি দিচ্ছি, যুদ্ধ আর আগ্রাসী মনোভাবের দিন শেষ।' দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জায়ে ইন দুই কোরিয়াকে কাছাকাছি আনার জন্য আমেরিকার প্রভূত প্রশংসা করেছেন।

**উত্তর মিয়ানমারের কাচিন প্রদেশে ফের** জাতিগত সমস্যার সৃষ্টি হল। খবরে প্রকাশ এ বার দেশ ছাড়ছেন খ্রিস্টানরা। কাচিন প্রদেশে সরকারি সেনা ও জাতিগত জঙ্গিদের সাম্প্রতিক সংঘর্ষে অন্তত ৪ হাজার মানুষ ঘরবাড়ি ছেড়েছেন বলে জানা গেছে। রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার পর্যবেক্ষক দলের মুখপাত্র মার্ক কাটস বিষয়টি জানিয়েছেন। তিনি বলেন, গত তিন সপ্তাহ ধরে সরকারি সেনা ও কাচিন জঙ্গিদের মধ্যে যুদ্ধ চলছে। যার ফলে এলাকা ছেড়ে যেতে বাধ্য হচ্ছেন অসংখ্য মানুষ। উল্লেখ্য, মিয়ানমারে বৌদ্ধ ধর্মাবলম্বীরাই সংখ্যাগরিষ্ঠ হলেও কাচিন প্রদেশে খ্রিস্টানরাই সংখ্যায় বেশি। গত ৫০ বছরেরও বেশি সময় ধরে স্বাধীনতার দাবি জানিয়ে আসছে কাচিন জঙ্গিরা। ২০১১ সালে সরকারের সঙ্গে আলোচনার পর দু'পক্ষের মধ্যে যুদ্ধ বিরতি হয়েছিল। ছ'বছর শান্ত থাকার পর ফের পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠেছে।



"সুইডিশ অ্যাকাডেমির সক্রিয় সদস্যরা বুঝতে পারছেন, এই পরিস্থিতিতে যে সঙ্কট তৈরি হয়েছে তার দ্রুত পরিবর্তন হওয়া দরকার। তাই সাহিত্যে পরবর্তী নোবেল জয়ীর নাম ঘোষণার আগে জন-আস্থা ফেরাতে সেই কাজটিতেই মনোনিবেশ করতে চাই আমরা। নোবেল ফাউন্ডেশন, সাধারণ মানুষ এবং অতীত ও ভবিষ্যতের নোবেলজয়ীদের সম্মানের কথা ভেবেই এই সিদ্ধান্ত।"

অ্যান্ডার্স ওলসন, *নোবেল সাহিত্য অ্যাকাডেমির অন্তর্বর্তী সচিব*

*অ্যাকাডেমির প্রাক্তন সদস্যের দুর্নীতি ও তাঁর স্বামীর যৌন কেচ্ছা প্রকাশ্যে আসায় নজিরবিহীনভাবে এ বছর সাহিত্যে নোবেল দেওয়া হবে না জানিয়ে।*

## ফের জোড়া বিস্ফোরণ কাবুলে, মৃত ২৯



৩০ এপ্রিল: এক সপ্তাহ যেতে না যেতেই ফের জোড়া বিস্ফোরণে বিধ্বস্ত হল কাবুল। ১০ সাংবাদিক সহ এই ভয়াবহ ঘটনায় মৃত্যু হয়েছে ২৯ জনের। এ দিন স্থানীয় সময় সকাল ৮টা নাগাত কাবুলের শাশদারক এলাকায় মোটরবাইক চালিয়ে এসে প্রথম বিস্ফোরণটি ঘটায় এক জঙ্গি। ওই এলাকায় আফগান গোয়েন্দা দপ্তর, প্রতিরক্ষা মন্ত্রক, ন্যাটো এবং আমেরিকা সহ অনেকগুলি দেশের দূতাবাস রয়েছে। প্রথম বিস্ফোরণটি ঘটার পরই সাংবাদিকরা ঘটনাস্থলে পৌঁছে ছবি তুলতে যান। তখনই টিভি ক্যামেরাম্যান সেজে আসা আত্মঘাতী বোমারু নিজেকে উড়িয়ে দেয়। সাংবাদিকরা ছাড়াও চার পুলিশ অফিসারও নিহত হয়েছেন। নিজেদের মুখপত্র 'আমাক'-এ জোড়া বিস্ফোরণের দায় নিয়েছে আইএস জঙ্গি গোষ্ঠী। প্রত্যক্ষদর্শীদের মতে মৃতের সংখ্যা আরও বাড়ার সম্ভাবনা। অন্তত ৪৯ জন আহত হয়েছেন বিস্ফোরণে। আফগান প্রেসিডেন্ট আসরাফ ঘানি কাবুলের জোড়া বিস্ফোরণের নিন্দা করে এক বিবৃতিতে বলেছেন, 'মসজিদে প্রার্থনা করতে আসা সাধারণ মানুষ, সাংবাদিক, গণতান্ত্রিক প্রতিষ্ঠান— এ সব কিছুর উপরে যারা আঘাত করে, তারা যুদ্ধাপরাধী।' ছবি: পিটিআই


**৩০ এপ্রিল** রাশিয়ার ওপর চাপানো মার্কিন নিষেধাজ্ঞার ফলে রাশিয়া থেকে ভারতের অস্ত্র কেনা অনিশ্চয়তার মুখে পড়ল। রাশিয়ার কাছ থেকে প্রায় ৪০ হাজার কোটি টাকা মূল্যের এস-৪০০ ক্ষেপণাস্ত্র কেনার চুক্তিটি রয়েছে অন্তিম পর্বে। কিন্তু মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আনা কাউন্টারিং আমেরিকা'জ অ্যাডভার্সারিজ থ্রু স্যাংশন অ্যাক্ট (ক্যাটসা) অনুযায়ী রাশিয়ার কাছ থেকে যে দেশ অস্ত্র কিনবে, তাকে মার্কিন নিষেধাজ্ঞার কবলে পড়তে হবে। ভারতকে এই নিষেধাজ্ঞার বাইরে রাখার জন্য হোয়াইট হাউসকে বোঝানোর চেষ্টা করা হবে বলে সাউথ ব্লক সূত্রে জানানো হয়েছে। ভারতের পক্ষে যুক্তি হল, রাশিয়ার সঙ্গে ভারতের অংশীদারিত্ব বহু প্রাচীন। রাতারাতি তা কমিয়ে ফেলা সম্ভব নয়। এছাড়া ভারতকে ক্যাটসা আইনে ছাড় না দিলে ভারত-মার্কিন কৌশলগত সম্পর্কে নেতিবাচক প্রভাব পড়বে। তাছাড়া সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধ তথা প্রশান্তমহাসাগরীয় অঞ্চলে চিনা আধিপত্য রোখার ক্ষেত্রেও ভারতকে বলীয়ান করবে এই অস্ত্র চুক্তি।

## ব্রিটেনের নয়া স্বরাষ্ট্রমন্ত্রী সাজিদ জাভিদ



৩০ এপ্রিল: ব্রিটেনের নতুন স্বরাষ্ট্রমন্ত্রী হলেন পাক বংশোদ্ভূত সাজিদ জাভিদ। অভিবাসন বিতর্কের জেরে একদিন আগেই স্বরাষ্ট্রমন্ত্রীর পদ থেকে ইস্তফা দেন অ্যাডাম রুড। সাজিদের আগে ব্রিটিশ মন্ত্রিসভার এত গুরুত্বপূর্ণ পদে বসেননি কোনও এশীয়। দায়িত্ব গ্রহণ করে নিজেকে সংখ্যালঘু অভিবাসী সম্প্রদায়ের প্রতিনিধি হিসেবে উল্লেখ করে সাজিদ বলেছেন, 'আমাদের নীতি হবে স্বচ্ছ। প্রতিটি মানুষের প্রতি সম্মান ও সৌজন্য যাতে বজায় থাকে, তা নজর রাখাই আমার সবচেয়ে বড় কাজ।' ডেভিড ক্যামেরনের আমলে সংস্কৃতিমন্ত্রী ছিলেন সাজিদ। তাঁর উদ্যোগেই ব্রিটেনের পার্লামেন্ট স্কোয়ারে গান্ধীমূর্তি বসেছিল।

## বার্সেলোনা ওপেনেও জয়ী নাদাল



২৯ এপ্রিল: একাদশতম বার্সেলোনা ওপেন জিতলেন রাফায়েল নাদাল। ক'দিন আগেই একাদশ মন্টি কার্লো মাস্টার্সও জিতেছেন তিনি। জুন মাসেই আবার একাদশতম ফরাসি ওপেন জয়ের লক্ষ্য নিয়ে নামবেন তিনি। বার্সেলোনা ওপেনের ফাইনালে এ দিন বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ৬৩ নম্বরে থাকা গ্রিসের স্টেফানোস সিটিপাসকে ৬-২, ৬-১-এ উড়িয়ে দেন বিশ্বের এক নম্বর নাদাল। সেই সঙ্গে ক্লে কোর্টে টানা ৪৬টি সেট জেতার নজিরও গড়ে ফেললেন তিনি। ছবি: পিটিআই

## শ্রমিক দিবসে প্রবল বিক্ষোভ প্যারিসে




১ মে: শ্রমিক দিবসে ক্ষোভে উত্তাল হয়ে উঠল প্যারিসের রাজপথ। প্রেসিডেন্টের সংস্কার নীতির প্রতিবাদে গত কয়েক সপ্তাহ ধরেই বিক্ষোভ আন্দোলন চলছিল প্যারিসের রাস্তায়। এ দিন মে দিবসের মিছিল আচমকাই হিংসাত্মক হয়ে ওঠে। কালো কাপড় ও মুখোশে মুখ ঢেকে বিক্ষোভকারীরা পুলিশকে লক্ষ্য করে বোমা ছোঁড়ে, গাড়ির শো-রুম, রেস্তোরাঁ ভাঙচুরের মতো ঘটনাও ঘটে। উল্লেখ্য, মে দিবস উপলক্ষে প্রতি বছরই বিশাল মিছিলের আয়োজন করে ফ্রান্সের শ্রমিক সংগঠনগুলি। প্যারিস পুলিশ জানিয়েছে, মিছিল হিংসাত্মক হয়ে উঠলেও বিক্ষোভকারীদের আটকানো হয়নি, কারণ তা করলে সাধারণ মানুষের প্রাণহানির ঘটনা ঘটতে পারত। অন্যদিকে, শ্রমিক সংগঠনের নেতারা জানিয়েছেন, ফ্যাসিবাদ বিরোধী ওই মিছিলের মূল উদ্দেশ্য ছিল নতুন প্রেসিডেন্ট ইমানুয়েল মাকর্-র সংস্কার নীতির বিরোধিতা করা। সরকারি মুখপাত্র বেঞ্জামিন গ্রিভ অবশ্য বলেছেন, 'সরকারের বিরুদ্ধে ক্ষোভ থাকলে মুখ না ঢেকে তার প্রতিবাদ করো। হুডে মাথা আর মুখোশে মুখ ঢেকে যারা প্রতিবাদ করে তারা গণতন্ত্রের শত্রু বলেই মনে করি।'

**২ মে** নতুন মার্কিন বিদেশসচিব হিসেবে শপথ নিলেন প্রাক্তন সিআইএ প্রধান মাইক পম্পেও। ৫৪ বছর বয়সি পম্পেও হলেন ৭০তম মার্কিন বিদেশসচিব। শপথ নেওয়ার পর ইরানের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের পরমাণু চুক্তি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন তিনি। যদিও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মতে এই চুক্তি অত্যন্ত ত্রুটিপূর্ণ। এর আগে মতের মিল না হওয়ায় গত মার্চ মাসে বিদেশসচিবের পদ থেকে ট্রাম্প সরিয়ে দেন রেক্স টিলারসনকে। পম্পেওকে বিদেশসচিব পদে এনে ট্রাম্প বলেছেন, 'উনি একজন খাঁটি দেশপ্রেমিক।'

কোরীয় উপদ্বীপের শান্তি প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়ার জন্য মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নোবেল পুরস্কারের যোগ্য বলে মন্তব্য করলেন দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জায়ে ইন। একদিকে আমেরিকা ও উত্তর কোরিয়ার লাগাতার সামরিক মহড়া এবং অন্যদিকে উত্তর কোরিয়ার শাসক কিম জং উনের পরমাণু অস্ত্র নিয়ে হামলার হুঁশিয়ারি— এই দুয়ের সংঘাতে কোরীয় উপদ্বীপে উত্তেজনার পারদ যতটা চড়েছিল, তা গত দু-এক মাসের ঘটনাপ্রবাহে দ্রুতগতিতে নেমে এসেছে। কিম ও ট্রাম্পের বৈঠকের কর্মসূচিও ঘোষিত হয়ে গেছে। সে জন্যই আরও বেশি করে ট্রাম্পকে নোবেল শান্তি পুরস্কার দেওয়ার পক্ষে সওয়াল করেছেন মুন। যদিও কিমের সঙ্গে বৈঠকের সাফল্য বা ব্যর্থতা খতিয়ে দেখার আগেই ট্রাম্পকে পুরস্কার দেওয়ার পক্ষে সওয়াল করাটা কতটা যুক্তিপূর্ণ তা নিয়ে প্রশ্ন উঠেছে।

**মোবাইলের জন্য নতুন সিম কার্ড নিতে** আধার বাধ্যতামূলক নয় বলে জানিয়ে দিলেন কেন্দ্রীয় টেলিকম সচিব অরুণা সুন্দররাজন। ফলে আধার না থাকলেও কোনও টেলি সংস্থাই নতুন সংযোগ দেওয়ার জন্য গ্রাহককে আপত্তি জানাতে পারবে না। পাসপোর্ট, ভোটার কার্ড, ড্রাইভিং লাইসেন্সের মতো পরিচয়পত্র জমা দিলেও হবে।

## প্রয়াত অশোক মিত্র



১ মে: বিশিষ্ট অর্থনীতিবিদ এবং রাজ্যের প্রাক্তন অর্থমন্ত্রী অশোক মিত্র (৯০) প্রয়াত হলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক, বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করার পর নেদারল্যান্ডসের রটারডাম বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট ডিগ্রি লাভ করেন তিনি। অধ্যাপনা করেছেন ব্যাঙ্ককের ইউনাইটেড নেশনস ইকনমিক কমিশন ফর এশিয়া অ্যান্ড দ্য ফার ইস্ট, ওয়াশিংটন ডিসি-র ইকনমিক ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আইআইএম কলকাতায়। কেন্দ্রের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ছাড়াও এগ্রিকালচারাল প্রাইসেস কমিশনেরও চেয়ারম্যান নিযুক্ত হয়েছিলেন তিনি। পশ্চিমবঙ্গের প্রথম ও দ্বিতীয় বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী ছিলেন অশোক মিত্র। পরে অবশ্য শীর্ষ নেতৃত্বের সঙ্গে মতপার্থক্য হওয়ায় রাজ্য মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন। পরে তিনি রাজ্যসভায় সিপিএমের সাংসদ হয়েছিলেন। রাজ্যের প্রতি কেন্দ্রের বৈষম্যমূলক আচরণের বিরুদ্ধে বরাবরই সরব ছিলেন তিনি।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. শ্বসন প্রক্রিয়ার ফলে নির্গত শক্তি হল:
(a) যান্ত্রিক শক্তি (b) আলোক শক্তি (c) তাপ শক্তি (d) রাসায়নিক শক্তি
2. জীবদেহের প্রধান শ্বসন বস্তুটি হল:
(a) শ্বেতসার (b) গ্লুকোজ (c) অ্যামাইনো অ্যাসিড (d) লাইসোজোম
3. আলোক-নির্ভর জলের অনুর বিশ্লেষণ পদ্ধতি হল:
(a) ফটোসিস্টেম (b) ফটোরেসপিরেশন (c) ফটোলাইসিস (d) ফটোফসফোলাইলেশান
4. সালফারবিহীন ব্যাক্টেরিয়ার উদাহরণ:
(a) রোডোস্পাইরিলাম (b) ক্লোরোরিয়াম (c) থায়োস্পাইরিলাম (d) ক্রোমাটিয়াম
5. পাতার প্রধানতম কাজ হল:
(a) শ্বসন এবং পুষ্টি (b) শ্বসন এবং বাষ্পমোচন (c) শ্বসন এবং সালোকসংশ্লেষ (d) বাষ্পমোচন এবং সালোকসংশ্লেষ
6. ক্লোরোফিল থাকে:
(a) ক্লোরোপ্লাস্টের কিনারায় (b) ক্লোরোপ্লাস্টে ছড়িয়ে থাকে (c) ক্লোরোপ্লাস্টের স্ট্রোমাতে (d) ক্লোরোপ্লাস্টের গ্রাণাতে
7. কালমেঘের পুষ্পবিন্যাস:
(a) রেসিমোজ (b) একক (c) স্পাইক (d) স্প্যাডিক্স
8. নিমের গোত্র হল:
(a) মেলিয়েসি (b) অ্যাপোসাইনেসি (c) অ্যাকান্থেসি (d) কোনওটিই নয়
9. HIV ভাইরাসের জেনেটিক বস্তু হল:
(a) একতন্ত্রী RNA (b) একতন্ত্রী DNA (c) দ্বিতন্ত্রী DNA (d) দ্বিতন্ত্রী RNA
10. কোনটি গ্রিন হাউস গ্যাস নয়?
(a) হাইড্রোজেন (b) $CO_2$ (c) মিথেন (d) ক্লোরোফ্লুরোকার্বন
11. তৃতীয় সারির খাদকের নাম বলুন:
(a) বাজপাখি (b) গোরু (c) পতঙ্গ (d) কোনওটিই নয়
12. ভুট্টাতে কী জাতীয় পরাগযোগ দেখা যায়?
(a) বায়ুপরাগী (b) জলপরাগী (c) প্রাণীপরাগী (d) কোনওটিই নয়
13. রাঙাআলুতে কী জাতীয় মূল দেখা যায়?
(a) কন্দমূল (b) গুচ্ছমূল (c) অর্বুদযুক্ত মূল (d) মালাকৃতি মূল
14. নীচের কোন শৈবালটি ঔষধ হিসেবে ব্যবহৃত হয়?
(a) ল্যামিনারিয়া (b) উলভা ল্যাকটুকা (c) নস্টক (d) ভলভক্স
15. সস্যল বীজ কোন উদ্ভিদে দেখা যায়?
(a) আম (b) জাম (c) ধান (d) a ও b দু'টোই
16. একটি গমনে অক্ষম এককোষী শৈবালের উদাহরণ দিন:
(a) ক্লোরেল্লা (b) ক্ল্যামাইডোমোনাস (c) গ্লিওক্যাপসা (d) সবক'টিই
17. ভারতের জীবাশ্ম উদ্যান কোনটি?
(a) তামিলনাড়ুর তিরুভাক্কারাই (b) হিমাচল প্রদেশের শিবালিক ফসিল পার্ক (c) মধ্যপ্রদেশের মাণ্ডলা (d) সবক'টিই
18. সূর্যমুখী কোন গোত্রের উদ্ভিদ?
(a) কম্পোজিটি (b) অ্যালিসমেটেসি (c) ম্যাগনোলিয়েসি (d) নিম্ফিয়েসি
19. পত্ররন্ধ্র খোলার সাহায্যকারী উৎসেচকটি হল:
(a) RuBisCO (b) Cytochrome oxidase (c) Pyruvic Kinax (d) PEP Carboxylase
20. কোনটি প্রকল্পিত হরমোন?
(a) সাইটোকাইনিন (b) ন্যাপথলিন (c) ভার্নালিন (d) অক্সিন
21. 1 গ্রাম অণু ফ্যাট দহন হলে কত তাপশক্তি উৎপন্ন হয়?
(a) 4.1 kcal (b) 4.3 kcal (c) 9.3 kcal (d) 10 kcal
22. সুক্রোজ থাকে:
(a) দুধে (b) ফলে (c) চিনিতে (d) কোনওটিতেই নয়
23. মূত্রের প্রধান জৈব উপাদান হল:
(a) ইউরিয়া (b) ইউরিক অ্যাসিড (c) ক্রিয়েটিনিন (d) অ্যামোনিয়া
24. বৃক্কের গঠনগত ও কার্যগত একককে কী বলে?
(a) নিউরোন (b) নেফ্রন (c) হাইলাম (d) কোনওটিই নয়
25. ক্লোরোফ্লুরো কার্বনের (CFC) উৎস হল:
(a) রেফ্রিজারেটর (b) রান্নার গ্যাস (c) কলকারখানা (d) মাইক্রোওভেন
26. বায়ুদূষণ দূর করা যায়:
(a) সাইক্লোন সেপারেটর যন্ত্রে (b) সাইলেন্সর যন্ত্রে (c) ইলেকট্রিক মোটরে (d) স্পেকট্রোমিটার যন্ত্রে
27. মানবদেহে সর্বাপেক্ষা বড় অন্তঃক্ষরা গ্রন্থি হল:
(a) পিটুইটারি গ্রন্থি (b) থাইরয়েড গ্রন্থি (c) অগ্ন্যাশয় (d) ডিম্বাশয়
28. নীচের কোনটি ব্যবহারের পর কার্যক্ষম থাকে না?
(a) খনিজ পদার্থ (b) হরমোন (c) উৎসেচক (d) সবক'টি
29. দেহে HCL কোথা থেকে ক্ষরিত হয়?
(a) ডিম্বাশয় (b) পাকস্থলীর অক্সিনটিক কোষ (c) শুক্রাশয় (d) স্নায়ু তন্ত্র
30. কোনটি জরুরিকালীন গ্রন্থি?
(a) শুক্রাশয় (b) অ্যাড্রিনাল (c) পিটুইটারি (d) থাইমাস
31. কোনটি স্টেরয়েড হরমোন?
(a) এস্ট্রাডিওল (b) অক্সিটোসিন (c) কটিকোট্রপিন (d) ইস্ট্রোজেন
32. অধিক ডিম উৎপাদনক্ষম সংকর মুরগি হল:
(a) সাদা লেগহর্ন × রোড আইলান্ডে রেড (b) সাদা কার্নিস × প্লাউমাউথ রক (c) সাদা লেগহর্ন × অস্ট্রালপ (d) প্লাইমাউথ রক × লেগহর্ন
33. আলোর ফাঁদ এক প্রকার:
(a) পূর্ণাঙ্গ ইনসেক্ট পেস্ট নিয়ন্ত্রণ পদ্ধতি (b) পেস্ট লার্ভা নিয়ন্ত্রণ পদ্ধতি (c) ভেক্টর পেস্ট নিয়ন্ত্রণ ব্যবস্থা (d) রোডেন্টস পেস্ট নিয়ন্ত্রণ ব্যবস্থা
34. নিউমোনিয়া হল একটি:
(a) ভাইরাসঘটিত রোগ (b) প্রোটোজোয়াঘটিত রোগ (c) ছত্রাকঘটিত রোগ (d) ব্যাক্টেরিয়াঘটিত রোগ
35. নীচের কোন ধাতুগুলি নরম ধাতু?
(a) লেড ও অ্যালুমিনিয়াম (b) সোডিয়াম ও পটাশিয়াম (c) ক্যালশিয়াম ও জিঙ্ক (d) প্ল্যাটিনাম ও ইউরেনিয়াম
36. নীচের কোন ভিটামিনটি জলে দ্রবীভূত হয়?
(a) ভিটামিন-C (b) ভিটামিন-E (c) ভিটামিন-A (d) ভিটামিন-K
37. নীচের কোন ধাতুগুলি ক্ষার ধাতু?
(a) পটাশিয়াম ও সোডিয়াম (b) পটাশিয়াম ও বোরন (c) সোডিয়াম ও সিলিকন (d) সিলিকন ও বোরন
38. পরম শূন্য তাপমাত্রায় গ্যাসের আয়তন:
(a) 100 সিসি (b) 273 সিসি (c) অসীম (d) শূন্য
39. পরম শূন্য তাপমাত্রা সমান:
(a) 2720° সেন্টিগ্রেড (b) 2730° সেন্টিগ্রেড (c) – 273° সেন্টিগ্রেড (d) 0° সেন্টিগ্রেড
40. বর্ণান্ধ ব্যক্তিদের কোন রংগুলি পৃথকভাবে চিনতে অসুবিধা হয় না?
(a) সাদা-কালো (b) লাল-সবুজ (c) হলুদ-নীল (d) সবক'টিই
41. তাপমাত্রার কোন ক্ষেত্রে শূন্য ডিগ্রি সবচেয়ে বেশি ঠান্ডা?
(a) ফারেনহাইট (b) কেলভিন (c) সেন্টিগ্রেড (d) সেলসিয়াস
42. হাইড্রোজেন যৌগের অণুতে পরমাণুর সংখ্যা:
(a) এক (b) দুই (c) তিন (d) চার
43. নীচের কোনটি অণু গঠন করে না?
(a) নিয়ন (b) আর্গন (c) ক্লোরিন (d) a এবং b দু'টোই
44. ডাইন কীসের একক?
(a) বল (b) দ্রুতি (c) ত্বরণ (d) ভরবেগ
45. এক নিউটন সমান:
(a) $10^3$ ডাইন (b) $10^4$ ডাইন (c) $10^5$ ডাইন (d) $10^6$ ডাইন
46. কোন বিজ্ঞানী গতির গাণিতিক সূত্র আবিষ্কার করেন?
(a) নিউটন (b) আর্কিমিডিস (c) গ্যালিলিও (d) আইনস্টাইন
47. কোনটি ভেক্টর রাশি নয়?
(a) ত্বরণ (b) বেগ (c) সরণ (d) দ্রুতি
48. সময়ের সঙ্গে অসম বেগে পরিবর্তন-হারকে বলা হয়:
(a) ত্বরণ (b) সরণ (c) দ্রুতি (d) বেগ
49. প্রাণিজগতের উৎপত্তি ও বংশসম্বন্ধীয় বিদ্যাকে বলে:
(a) জুওলজিয় (b) বায়োলজি (c) ইভোলিউশন (d) জেনেটিক্স
50. কাজের একক কোনটি?
(a) নিউটন (b) প্যাসকেল (c) জুল (d) ওয়াট
51. শিবাজি বিজাপুরের সেনাপতি আফজল খানের সঙ্গে কোথায় দেখা করেছিলেন?
(a) পুনা (b) প্রতাপগড় (c) মেবার (d) অযোধ্যা
52. পেশোয়া কথার অর্থ কী?
(a) সচিবালয় (b) প্রধানমন্ত্রী (c) শিষ্য (d) অমাত্য
53. আহম্মদ শাহ আবদালি কতবার ভারত আক্রমণ করেছিলেন?
(a) 17 (b) 11 (c) 13 (d) 9
54. মুঘল যুগে একটি সামুদ্রিক বন্দরের নাম লিখুন:
(a) কোলগাঁও (b) কোঙ্কণ (c) সুরাট (d) জয়সলমির
55. পাঞ্জাব অঞ্চলটি ক'টি নদীর মধ্যবর্তী স্থানে অবস্থিত?
(a) তিন (b) চার (c) পাঁচ (d) ছয়
56. যে স্থান থেকে নদীর উৎপত্তি হয় তাকে কী বলে?
(a) শাখানদী (b) নদীর উৎস (c) উপনদী (d) নদীর দোয়াব
57. ভূমিকম্পের দেশ বলা হয়:
(a) থাইল্যান্ডকে (b) মায়ানমারকে (c) ভারতকে (d) জাপানকে
58. কোন রাজ্য আনুষ্ঠানিকভাবে আয়োজন করল 'আন্তর্জাতিক স্থিতিস্থাপক কর্মশালা পরিকাঠামো বিপর্যয় 2018 ?
(a) নিউ দিল্লি (b) পাঞ্জাব (c) তামিলনাড়ু (d) ওড়িশা
59. সম্প্রতি কমনওয়েলথ শীর্ষ সম্মেলন কোথায় হল?
(a) নয়াদিল্লি (b) লন্ডন (c) মেলবোর্ন (d) ঢাকা
60. বিশ্বের বৃহত্তম পরীক্ষামূলক বায়ু পরিশোধক স্মগ টাওয়ার তৈরি করল কোন দেশ?
(a) জাপান (b) চিন (c) ভারত (d) ফ্রান্স
61. এই সংখ্যাদু'টির মধ্যসমানুপাতি নির্ণয় করুন: $1\frac{4}{7}, 6\frac{2}{7}$
(a) $6\frac{1}{7}$ (b) $3\frac{1}{7}$ (c) $5\frac{1}{7}$ (d) $4\frac{1}{7}$
62. 5 টাকার কত শতাংশ 1.25 টাকা হবে?
(a) 20% (b) 23% (c) 25% (d) 28%
63. বৃত্তাকার বলয়াকৃতি লোহার অন্তঃব্যাস বহির্ব্যাস যথাক্রমে 20 cm, এবং 22 cm হলে ওই বলয়াকৃতি লোহার পাতের ক্ষেত্রফল কত?
(a) 22 sq.cm (b) 67 sq.cm (c) 66 sq.cm (d) 68 sq.cm
64. কোনও দ্রব্যের বিক্রয়মূল্যের ওপর পরপর 30% এবং 20% ছাড়ের সমতুল্য ছাড়ের মান কত?
(a) 42% (b) 44% (c) 43% (d) 46%

এরপর এগারোর পাতায়

## পলিটেকনিকে ভর্তির পরীক্ষা

# জেক্সপো-২০১৮

রাজ্যের বিভিন্ন সরকারি-বেসরকারি পলিটেকনিক কলেজে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির পরীক্ষা জেক্সপো ২০ মে। পরীক্ষায় বসার যোগ্যতামান: মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ। এবছর যাদের মাধ্যমিক সম্পন্ন হচ্ছে, তারাও শর্তসাপেক্ষে বসতে পারে। পরীক্ষার প্রশ্ন সম্পূর্ণ MCQ পদ্ধতিতে হবে এবং উত্তর OMR Sheet-এ দিতে হবে। অঙ্কে ১০০, পদার্থবিদ্যায় ৫০ এবং রসায়নে ৫০টি প্রশ্ন থাকবে। প্রথমে নিজে উত্তর লিখুন এবং পরে উত্তর ও সমাধানের সঙ্গে মিলিয়ে দেখুন। প্রস্তুত করেছেন ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট-এর অধ্যাপক, ডঃ শক্তিপদ নন্দ

**অঙ্ক**

1. $10^{x-1} = 2.5^{2x-3}$ হলে x-এর মান:
(a) 0 (b) 1 (c) 2 (d) – 1
2. একটি বৃত্তের ক্ষেত্রফল ব্যাসার্ধের বর্গের সমানুপাতিক। যখন ক্ষেত্রফল 154 $cm^2$ তখন ব্যাসার্ধ 7 cm, ব্যাসার্ধ 14 cm হলে ক্ষেত্রফল ($cm^2$ এককে):
(a) 616 (b) 516 (c) 416 (d) 316
3. $a^x = m$ হলে $x = [a \neq 1, m > 0]$
(a) $\log_m a$ (b) $\log_a m$ (c) $m \log a$ (d) $a \log m$
4. যদি $(a + b) : (a – b) = 5 : 2$ হয় তবে $b : a =$
(a) 4 : 3 (b) 6 : 5 (c) 6 : 7 (d) 3 : 7
5. একটি সুষম ষড়ভুজের অন্তঃস্থ কোণের পরিমাপ:
(a) 60° (b) 105° (c) 75° (d) 120°
6. যদি $\cos x = -\frac{1}{2}$ এবং x তৃতীয় পাদে অবস্থিত হয় তবে sin x-এর মান:
(a) $\frac{\sqrt{3}}{2}$ (b) $\frac{1}{\sqrt{2}}$ (c) $-\frac{1}{\sqrt{2}}$ (d) $-\frac{\sqrt{3}}{2}$
7. 280m লম্বা একটি ট্রেন 60 km/h বেগে চলমান 220 m লম্বা একটি প্ল্যাটফর্মকে সম্পূর্ণ অতিক্রম করার সময়:
(a) 40 s (b) 30 s (c) 45 s (d) 50 s
8. স্রোতের প্রতিকূলে একটি নৌকার বেগ 36 km/h এবং স্থির জলে বেগ 45 km/h; স্রোতের অনুকূলে নৌকার বেগ (km/h এককে):
(a) 54 (b) 56 (c) 58 (d) 60
9. মিনি 10 টাকায় একটি কমলালেবু কিনল। 25% লাভে 100 টাকায় কতগুলি কমলালেবু বিক্রি করতে হবে?
(a) 5 (b) 6 (c) 7 (d) 8
10. $\tan x + \cot x = 2$ হলে $\tan^4 x + \cot^4 x$-এর মান হবে:
(a) 2 (b) $2^2$ (c) $2^4$ (d) 0
11. প্রথম 100টি পূর্ণ সংখ্যার গড়:
(a) 50 (b) 51 (c) 50.5 (d) 49.5
12. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল, পরিসীমা এবং উচ্চতার পরিমাপ যথাক্রমে x, y এবং z; $\frac{yz}{x}$ -এর মান:
(a) 6 (b) 8 (c) 10 (d) 12
13. যদি $a + b + c = 1, ab + bc + ca = 2, abc = 3$ হয় তবে $\frac{1}{a+bc} + \frac{1}{b+ca} + \frac{1}{c+ab}$ -এর মান:
(a) 1 (b) 0 (c) –1 (d) – 2
14. ABC সমবাহু ত্রিভুজের AD ও BE মধ্যমা পরস্পর G বিন্দুতে ছেদ করে। AB-র মধ্যবিন্দু F হলে, ∠AGF-এর মান:
(a) 30° (b) 60° (c) 75° (d) 115°
15. ABCD একটি বৃত্তস্থ চতুর্ভুজ। ∠BAC = 120° হলে ∠BDC-এর মান:
(a) 60° (b) 75° (c) 120° (d) 135°
16. A এবং B কেন্দ্রবিশিষ্ট দু'টি বৃত্ত পরস্পর O বিন্দুতে স্পর্শ করেছে। ∠AOB-এর পরিমাপ:
(a) 90° (b) 120° (c) 180° (d) 225°
17. 16 জন শ্রমিক একটি কাজ 16 দিনে করতে পারে। কাজ আরম্ভের 4 দিন পর আরও 8 জন শ্রমিক কাজে যোগ দিলে বাকি কাজ শেষ করতে দিনের সংখ্যা:
(a) 8 (b) 10 (c) 15 (d) 6
18. কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা 70785-কে ভাগ করলে ভাগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 3 (b) 13 (c) 39 (d) 65
19. যদি $1^2 + 2^2 + 3^2 + ... 10^2 = 385$ হয় তবে $2^2 + 4^2 + 6^2 + ... + 20^2 =$
(a) 770 (b) 1150 (c) 1540 (d) 1365
20. একটি শহরের লোকসংখ্যা 10000, যদি পুরুষ ও মহিলা বৃদ্ধির হার যথাক্রমে 5% এবং 6% হয় তবে লোকসংখ্যা 10540 হবে। শহরে মহিলার সংখ্যা:
(a) 3000 (b) 3500 (c) 4000 (d) 4500
21. একটি গোলক ও একটি শঙ্কুর ব্যাসার্ধ ও আয়তন সমান। গোলকের ব্যাস ও শঙ্কুর উচ্চতার অনুপাত:
(a) 2 : 1 (b) 1 : 2 (c) 3 : 1 (d) 1 : 3

এরপর বারোর পাতায়

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

দশের পাতার পর

65. $x^{a-b} \times x^{b-c} \times x^{c-a} = ?$
(a) a (b) 1 (c) b (d) c

66. $a^2 - a + 1 = 0$ হলে, $a^3 + 1$-এর মান কত হবে?
(a) 0 (b) 2 (c) 1 (d) 3

67. দুই অঙ্কবিশিষ্ট কোনও সংখ্যার দশকের অঙ্কটি এককের অঙ্কের দ্বিগুণ। সংখ্যাটি থেকে 27 বিয়োগ করলে অঙ্কগুলি স্থান পরিবর্তন করে। সংখ্যাটি কত?
(a) 60 (b) 62 (c) 61 (d) 63

68. $\frac{a}{2} - \frac{b}{3}$ এবং $\frac{a}{4} = \frac{c}{9}$ হলে, $\frac{a+b+c}{19} - 1$-এর মান কত?
(a) 3 (b) 2 (c) 1 (d) 0

69. $\frac{a}{3} = \frac{b}{4} = \frac{c}{7}$ হলে, $\frac{a+b+c}{c}$ -এর মান কত?
(a) 7 (b) 4 (c) 5 (d) 2

70. $\sqrt{4096} = 64$ হলে,
$\sqrt{40.96} + \sqrt{.4096} + \sqrt{.004096} + \sqrt{.00004096} + \sqrt{4096} = ?$
(a) 81.1305 (b) 71.1104 (c) 51.1703 (d) 41.1902

71. $\frac{1}{10}[2588^2 - 2589 \times 2587]$-এর মান কত?
(a) $\frac{2}{5}$ (b) 1 (c) $\frac{6}{7}$ (d) $\frac{1}{10}$

72. $\frac{8.73 \times 8.73 \times 8.73 + 4.27 \times 4.27 \times 4.27}{8.73 \times 8.73 - 8.73 \times 4.27 + 4.27 \times 4.27} = ?$
(a) 13 (b) 26 (c) 4.16 (d) 1

73. একটি ষড়ভুজের ক'টি কর্ণ হবে?
(a) 11টি (b) 7টি (c) 9টি (d) 13টি

74. $\sqrt{15} = 3.87$ হয় তবে $\sqrt{\frac{5}{3}}$ -এর মান কত?
(a) 1.29 (b) 2.92 (c) 3.78 (d) 5.87

75. কাপড়ের মূল্য 20% বৃদ্ধি পাওয়ায় 600 টাকায় পূর্বের তুলনায় 5 মিটার কাপড় কম পাওয়া যায়। প্রতি মিটার কাপড়ের পূর্বমূল্য কত ছিল?
(a) 25 টাকা (b) 50 টাকা (c) 30 টাকা (d) 20 টাকা

76. 81-এর বর্গমূলের বর্গমূল কত?
(a) 9 (b) 27 (c) 3 (d) 1

77. $(a^2 - b^2)$ ও $(a + b)$-এর তৃতীয় সমানুপাতি কত?
(a) $\frac{a^2+b^2}{a+b}$ (b) $\frac{a+b}{a-b}$ (c) $\frac{a-b}{a^2+b^2}$ (d) $\frac{a-b}{a+b}$

78. 25 m উঁচু একটি নারকেল গাছের অগ্রভাগ ঝড়ে মচকে যাওয়ায় তার অগ্রভাগ মাটি থেকে 5 মিটার দূরে ভূমি স্পর্শ করে। কত উঁচু থেকে গাছটি মচকে ছিল?
(a) 12 মিটার (b) 14 মিটার (c) 13 মিটার (d) 15 মিটার

79. $\left(1-\frac{1}{3}\right)\left(1-\frac{1}{4}\right)\left(1-\frac{1}{5}\right) \ldots\ldots \left(1-\frac{1}{n}\right)$-এর মান কত?
(a) $\frac{1}{n}$ (b) $\frac{2}{n}$ (c) $\frac{3}{n}$ (d) $\frac{n-1}{n}$

80. প্রতি ডজন কলমের দাম 24 টাকা বেশি হলে এক ব্যক্তি 120 টাকায় 10টি কলম কম কেনে। বর্তমানে প্রতি ডজন কলমের মূল্য কত?
(a) 48 টাকা (b) 96 টাকা (c) 72 টাকা (d) 144 টাকা

81. স্থির জলে এক ব্যক্তির বেগ 8 কিমি/ঘণ্টা ও স্রোতের বেগ 4 কিমি/ঘণ্টা। ওই ব্যক্তির একস্থান থেকে অন্যস্থানে ফিরে আসতে 4 ঘণ্টা সময় লাগে। তবে ওই স্থানের দূরত্ব কত?
(a) 10 কিমি (b) 11 কিমি (c) 12 কিমি (d) 13 কিমি

82. একটি ছাত্রাবাসে 45 জন ছাত্রের 30 দিনের চাল মজুত ছিল। 6 দিন পর নতুন আরও 9 জন ছাত্র থাকতে এলে, বাকি চালে সবার কত দিন চলবে?
(a) 18 দিন (b) 25 দিন (c) 27 দিন (d) 20 দিন

83. একটি গ্রামে 36 জন কর্মী দৈনিক 6 ঘণ্টা করে 8 দিনে 120 মিটার রাস্তা তৈরি করে। ওই দলে 6 জন নতুন যোগ দেয় এবং কাজের সময় 2 ঘণ্টা বাড়িয়ে দিলে 9 দিনে কত রাস্তা তৈরি হবে?
(a) 210 মিটার (b) 205 মিটার (c) 240 মিটার (d) 190 মিটার

84. চিনির দাম 20% বেড়ে যাওয়ায় এক ব্যক্তি 20% চিনির ব্যবহার কমালে চিনির খরচ শতকরা কত কমল বা বাড়ল?
(a) 3% (b) 20% (c) 4% (d) 10%

85. একটি রেডিও 400 টাকায় বিক্রি করলে যত লাভ হয় 350 টাকায় বিক্রি করলে তত ক্ষতি হয়। রেডিওর দাম কত?
(a) 350 টাকা (b) 375 টাকা (c) 325 টাকা (d) 355 টাকা

**Direction (86 to 92):** *Six persons, P, Q, R, S, T, U are sitting in a circle facing one another front to front. P is sitting infront of Q. Q is sitting to the right of T and left of R. P is to the left of U and right of S.*
Answer the following questions.

86. Who is sitting opposite to R?
(a) P (b) Q (c) R (d) U

87. Who is sitting opposite to S?
(a) T (b) U (c) P (d) Q

88. Who is opposite to Q?
(a) P (b) T (c) S (d) None of these


89. Who is sitting between P and R?
(a) T (b) S (c) Q (d) None of these

90. Who is left to P?
(a) Q (b) Cannot be determined (c) S (d) None of these

91. Who is Right to Q?
(a) T (b) R (c) P (d) S


92. If the position of P and R are changed, who will be sitting between S and U?
(a) P (b) R (c) Q (d) T

93. Problem Figures




(a) (b) (c) (d) (e)

Answer Figures




(a) (b) (c) (d) (e)

94. Problem Figures




(a) (b) (c) (d) (e)

Answer Figures



(a) (b) (c) (d) (e)

95. In a certain code language TELEPHONE is written as ETPELENOH. How is STATEMENT written in that code?
(a) TSETATNEM (b) TSMNETATES (c) TSETNTAEM (d) None

96. 9, 9, 18, 54, 216, _______.
(a) 1080 (b) 1056 (c) 1124 (d) 1539

97. Which of the following will be fourth if they are arranged alphabetically as in dictionary?
(a) Clever (b) Calm (c) Cloth (d) Custom (e) Cone

**Direction (98 to 100):** *The questions are based on the following set of number.*
*389 476 635 847 568*

98. Which number will be the smallest if the first and the last digits are interchanged in all numbers?
(a) 389 (b) 476 (c) 635 (d) 847 (e) 568

99. The sum of the digits of which of the above number is the least arranged in ascending order, which number will be second?
(a) 389 (b) 476 (c) 635 (d) 847 (e) 568

100. If in all the Numbers first two digits are interchanged and the Numbers are arranged in ascending order, which number will be second?
(a) 389 (b) 476 (c) 635 (d) 847 (e) 568

## উত্তর

1(c), 2(b), 3(c), 4(a), 5(d), 6(d), 7(a), 8(a), 9(a), 10(a), 11(a), 12(a), 13(a), 14(a), 15(c), 16(c), 17(d), 18(a), 19(d), 20(c), 21(c), 22(c), 23(a), 24(b), 25(a), 26(a), 27(b), 28(b), 29(b), 30(b), 31(a), 32(a), 33(a), 34(d), 35(b), 36(a), 37(a), 38(d), 39(c), 40(a), 41(b), 42(b), 43(d), 44(a), 45(c), 46(a), 47(d), 48(b), 49(c), 50(c), 51(b), 52(b), 53(d), 54(c), 55(c), 56(b), 57(d), 58(a), 59(b), 60(b), 61(b), 62(c), 63(c), 64(b), 65(b), 66(a), 67(d), 68(d), 69(d), 70(b), 71(d), 72(a), 73(c), 74(a), 75(d), 76(c), 77(b), 78(c), 79(b), 80(c), 81(c), 82(d), 83(a), 84(c), 85(b), 86(d), 87(a), 88(a), 89(b), 90(c), 91(b), 92(b), 93(c), 94(c), 95(a), 96(a), 97(e), 98(c), 99(c), 100(d).

## সমাধান

61(b): মধ্যসমানুপাতি হল: $= \pm\sqrt{1\frac{4}{7} \times 6\frac{2}{7}} = \pm\sqrt{\frac{11}{7} \times \frac{44}{7}} = \pm\frac{11 \times 2}{7}$
$= \pm 3\frac{1}{7}$.

62(c): ধরি, x অংশে $5 \times \frac{x}{100} = 1.25 \Rightarrow x = \frac{1.25 \times 100}{5 \times 100} = 25\%$.

63(c): নির্ণেয় ক্ষেত্রফল $= \frac{22}{7} \times (11^2 - 10^2) = \frac{22}{7} \times (121 - 100)$
$= \frac{22}{7} \times 21 = 66$ বর্গসেমি।

64(b): নির্ণেয় ছাড় $= -30 - 20 + \frac{(-30) \times (-20)}{100} = -50 + 6 = -44\%$
∴ ছাড় 44%.

65(b): $x^{a-b} \times x^{b-c} \times x^{c-a} = x(a-b) + (b-c) + (c-a)$
$= x^{a-b+b-c+c-a} = x^0 = 1$.

66(a): $a^3 + 1 = (a+1)(a^2 - a.1 + 1^2) = (a+1)(a^2 - a + 1)$
$= (a+1)(0) = 0$.

67(d): ধরি এককের অঙ্ক = x ∴ দশকের অঙ্ক = 2x
∴ মূল সংখ্যা = 10.2x + x = 21x
প্রশ্নানুসারে, $21x - 27 = 12x \Rightarrow x = 3$ ∴ 21x = 63 ∴ মূল সংখ্যা = 63.

68(d): $\frac{a}{2} = \frac{b}{3} \Big| \frac{a}{4} = \frac{c}{9} \Rightarrow \frac{a}{4} = \frac{b}{6}$ ∴ $\frac{a}{4} = \frac{b}{6} = \frac{c}{a}$ ∴ $\frac{a+b+c}{c} = -1$
$= \frac{4+6+9}{19} - 1 = \frac{19}{19} - 1 = 0$.

69(d): $\frac{a+b+c}{c} = \frac{3k+4k+7k}{7k} = 2$.

70(b): $\sqrt{40.96} + \sqrt{.4096} + \sqrt{.004096} + \sqrt{.00004096} + \sqrt{4096}$
$= 6.4 + .64 + .064 + .0064 + 64 = 71.1104$.

71(d): $\frac{1}{10}[2588^2 - 2589 \times 2587]$
$= \frac{1}{10}(2588)^2 - (2588+1)(2588-1) = \frac{1}{10}(1^2) = \frac{1}{10}$.

72(a): 8.73 = a, 4.27 = b হলে, রাশিটি হবে,
$\frac{a^3+b^3}{a^2-ab+b^2} = \frac{(a-b)(a^2-ab+b^2)}{(a^2-ab+b^2)} = (a+b) = (8.73+4.27) = 13$.

73(c): চিত্র থেকে কর্ণ সংখ্যা = 9টি।
সূত্র: $\frac{n(n-3)}{2}$ [n = বাহুসংখ্যা]


74(a): $\sqrt{\frac{5}{3}} = \sqrt{\frac{5.3}{3.3}} = \sqrt{\frac{15}{3}} = \sqrt{\frac{3.87}{3}} = 1.29$.

75(d): 120 টাকা যখন পূর্বে 100 টাকা ছিল
600 টাকা যখন পূর্বে $\frac{600 \times 100}{120}$ টাকা ছিল = 500 টাকা
5 মিটার কাপড় কম পাওয়া যায় (600 – 500) টাকায়
∴ 1 মিটার কাপড় কম পাওয়া যায় $\frac{100}{5} = 20$ টাকায়
∴ 1 মিটার কাপড়ের দাম 20 টাকা।

76(c): 81-এর বর্গমূলের বর্গমূল $= \sqrt{(\sqrt{81})} = \sqrt{9} = 3$.

77(b): ধরি, তৃতীয় সমানুপাতি = x
∴ $\frac{(a^2-b^2)}{(a+b)} = \frac{(a+b)}{x} \Rightarrow x = \frac{(a+b) \times (a+b)}{(a^2-b^2)} = \frac{(a+b) \times (a+b)}{(a+b)(a-b)}$
$= \frac{(a+b)}{(a-b)}$.

78(c): ধরি, x মিটার উঁচুতে মচকেছে,
∴ AB = 25 মিটার, AD = CD = x মিটার
BD = 25 – x মিটার, BC = 5 মিটার
∴ $CD^2 = BD^2 + BC^2$
$x^2 = (25-x)^2 + 5^2 \Rightarrow x^2$
$= 625 - 50x + x^2 + 25 \Rightarrow x = 13$
∴ 13 মিটার থেকে গাছটি মচকেছে।




79(b): $\left(1-\frac{1}{3}\right)\left(1-\frac{1}{4}\right)\left(1-\frac{1}{5}\right) \ldots \left(1-\frac{1}{n}\right) = \frac{2}{3} \times \frac{3}{4} \times \frac{4}{5} \ldots \frac{n-1}{n} = \frac{2}{n}$.

80(c): ধরি, প্রতি ডজন কলমের দাম x টাকা
$\frac{120}{x} - \frac{120}{(x+24)} = \frac{10}{12} \Rightarrow x^2 + 24x - 3456 = 0$
$\Rightarrow (x + 72((x - 48) = 0$ ∴ $x = 48/-72$
∴ বর্তমান দাম = (48 + 24) = 72 টাকা।

81(c): স্রোতের অনুকূলে ব্যক্তির বেগ (8 + 4) = 12 কিমি/ঘণ্টা
স্রোতের প্রতিকূলে ব্যক্তির বেগ ( 8 – 4) = 4 কিমি/ঘণ্টা
ধরি, মোট দূরত্ব x কিমি ∴ $\frac{x}{12} + \frac{x}{4} = 4 \Rightarrow x = 12$ ∴ মোট দূরত্ব 12 কিমি।

82(d):

| ছাত্রসংখ্যা | দিনসংখ্যা |
|---|---|
| 45 | 24 |
| 45 + 9 = 54 | ? |

∴ নির্ণেয় দিনসংখ্যা $= 24 \times \frac{45}{54} = 20$।

83(a):

| কর্মীসংখ্যা | সময় | কাজ |
|---|---|---|
| 36 | 6 × 8 = 48 | 120 |
| 42 | 8 × 9 = 72 | ? |

∴ নির্ণেয় দিনসংখ্যা $= \frac{42}{36} \times \frac{72}{48} \times 120 = 210$ মিটার।


84(c):

| চিনির খরচের পরিমাণ | চিনির মূল্য |
|---|---|
| 100 | 120 |
| 80 | ? |

∴ চিনির দাম $= \frac{80 \times 120}{100} = 96$ টাকা
∴ (100 – 96) = 4 টাকা শতকরা কমে যাবে।

85(b): প্রশ্নানুসারে, [x হল রেডিওর ক্রয়মূল্য]
$x - 350 = 400 - x \Rightarrow 2x = 400 + 350 = 750 \Rightarrow x = 375$.

**(86 to 92):** প্রশ্নানুসারে, বৃত্তটি অঙ্কন করে Six persons-এর position বসিয়ে যে চিত্রটি আমরা পাই সেটি হল:




86(d): চিত্রটি থেকে স্পষ্ট দেখা যাচ্ছে R-এর বিপরীত হল U।
87(a): চিত্রটি থেকে স্পষ্ট S-এর বিপরীতে আছে T।
88(a): প্রশ্নানুসারে যে চিত্র অঙ্কন করা হয়েছে তা থেকে স্পষ্ট দেখা যাচ্ছে Q-এর বিপরীত হল P।
89(b): চিত্র থেকে স্পষ্ট দেখা যাচ্ছে P এবং R -এর মাঝখানে আছে S।
90(c): P-এর বাঁদিকে আছে S, চিত্র থেকে দেখা যাচ্ছে।

এরপর বারোর পাতায়

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পলিটেকনিকে ভর্তির পরীক্ষা

# জেক্সপো-২০১৮

*দশের পাতার পর*

22. θ কোণের পূরক কোণের cosine-এর মান $\frac{1}{2}$ হলে cot θ-এর মান:
(a) $\frac{1}{\sqrt{3}}$ (b) $\sqrt{3}$ (c) 1 (d) অনির্ণেয়

23. যদি ∠P + ∠Q = 90° হয় তবে $\sqrt{\frac{\sin P}{\cos Q} - \sin P \cos Q}$ -এর মান:
(a) 1 (b) sin p (c) cos p (d) 0

24. 30 m দীর্ঘ একটি উলম্ব খুঁটি কিছু ওপরে ভেঙে গেল এবং ওপরের অংশ সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সঙ্গে 30° কোণে মিলিত হল। খুঁটিটি কত উচ্চতায় ভেঙেছিল?
(a) 10 m (b) 15 m (c) 20 m (d) 18 m

25. একটি বৃত্তাকার চাকার ব্যাসার্ধ $\frac{7}{4}$ m; 11 km যেতে চাকাটির ঘূর্ণনের সংখ্যা:
(a) 500 (b) 1100 (c) 1000 (d) 600

### পদার্থবিদ্যা ও রসায়ন

1. একটি অসম বাহুবিশিষ্ট তুলাযন্ত্রে কোনও বস্তুকে বাঁ ও ডান তুলাপাত্রে রেখে ভর যথাক্রমে $m_1$ ও $m_2$ পাওয়া যায়। বস্তুর সঠিক ভর:
(a) $\frac{m_1+m_2}{2}$ (b) $\sqrt{m_1m_2}$ (c) $\frac{m_1m_2}{2}$ (d) এদের কোনওটিই নয়

2. দু'টি স্থানের অভিকর্ষজ ত্বরণ যথাক্রমে 9.81 $m.s^{-2}$ এবং 9.8 $m.s^{-2}$; 100 kg ভরের কোনও বস্তুর এই দুই স্থানে ওজনের পার্থক্য:
(a) 1N (b) 0.1N (c) 0.01N (d) 10N

3. 50g ভরের কোনও বস্তুর ওপর 10 s ধরে 200 dyn বল ক্রিয়া করলে উৎপন্ন বেগ ($cm.s^{-1}$ এককে):
(a) 10 (b) 20 (c) 40 (d) 60

4. 45 kg ভরের এক ব্যক্তি 21s এ একটি সিঁড়ির 10 ধাপ উঠল। প্রতি ধাপের উচ্চতা 20 cm হলে, ব্যক্তির ক্ষমতা (watt এককে):
(a) 21 (b) 28 (c) 35 (d) 42

5. কোনও লিভারের রোধবাহু a এবং বলবাহু b হলে যান্ত্রিক সুবিধা =
(a) $\sqrt{ab}$ (b) $\frac{a}{b}$ (c) $\frac{b}{a}$ (d) $\frac{a+b}{2}$

6. কোনও ব্যক্তি একটি সমতল দর্পণের দিকে v বেগে দৌড়ালে সে তার প্রতিবিম্বের দিকে কত বেগে আসবে?
(a) $v/2$ (b) v (c) 2v (d) $v^2$

7. সমতল দর্পণে একটি আলোকরশ্মি θ কোণে আপতিত হয়ে প্রতিফলনের পর আলোকরশ্মির চ্যুতি 120° হলে θ-র মান:
(a) 50° (b) 60° (c) 90° (d) 15°

8. বায়ুতে শব্দের বেগ 340 $m.s^{-1}$ এবং উৎপন্ন শব্দের তরঙ্গদৈর্ঘ্য 17cm হলে স্বনকের কম্পাঙ্ক হবে (Hz এককে):
(a) 20 (b) 200 (c) 2000 (d) 2

9. একটি নিউট্রন একটি ইলেকট্রনের তুলনায় কত গুণ ভারী?
(a) 1836 (b) 1837 (c) 1838 (d) 1835

10. 27° C উষ্ণতায় ও 76 cm Hg চাপে একটি কাচের টুকরাসহ কোনও গ্যাসের আয়তন 100 $cm^3$। উষ্ণতা স্থির রেখে চাপ 95 cm Hg-তে বৃদ্ধি করলে মিলিত আয়তন 82 $cm^3$। কাচের টুকরার আয়তন $cm^3$ এককে:
(a) 10 (b) 15 (c) 20 (d) 25

11. STP-তে 22.4L $CO_2$ গ্যাসে অণুর সংখ্যা x × $10^{22}$ হলে x =
(a) 6.022 (b) 60.22 (c) 602.2 (d) 0.6022

12. 327g দস্তা লঘু $H_2SO_4$-এর সঙ্গে বিক্রিয়ায় কত গ্রাম $H_2$ গ্যাস উৎপন্ন হবে? [zn = 65.4]
(a) 10 (b) 5 (c) 2.5 (d) 20

13. একজন রোগীর উষ্ণতা ফারেনহাইট স্কেলে 104°, সেলসিয়াস স্কেলে কত?
(a) 28° (b) 44° (c) 40° (d) 46°

14. পিতলের আপেক্ষিক তাপ 0.09 cal/g° c. 1 kg ওজনের একটি পিতলের বলকে 100° C থেকে 20° C উষ্ণতায় আনলে বলটি কী পরিমাণ তাপ বর্জন করবে (cal এককে):
(a) 1800 (b) 3600 (c) 5400 (d) 7200

15. সাদা আলোর বিচ্ছুরণে প্রাপ্ত সাত বর্ণের আলোর মধ্যে কোন আলোর চ্যুতি সবচেয়ে কম?
(a) বেগুনি (b) সবুজ (c) লাল (d) কমলা

16. কোনও পরিবাহীর দু'প্রান্তের বিভব প্রভেদ v, রোধ R হলে ওই পরিবাহীর তড়িৎক্ষমতা P =
(a) $\frac{V}{R}$ (b) $\frac{V^2}{R}$ (c) V × R (d) $V^2$ × R

17. নিষ্ক্রিয় গ্যাস (Inert gas) গুলিকে IUPAC প্রবর্তিত দীর্ঘ পর্যায় সারণির কোন group-এ বসানো হয়েছে?
(a) 11 (b) 17 (c) 18 (d) 16

18. $Na_2O$ যৌগে বন্ধনের প্রকৃতি:
(a) সমযোজী (b) তড়িৎযোজী (c) a এবং b উভয়ই (d) কোনওটিই নয়

19. নীচের কোনটি একটি গ্যাসীয় জারক পদার্থ?
(a) CO (b) $Cl_2$ (c) $SO_2$ (d) $Br_2$

20. নীচের যৌগগুলির মধ্যে কোনটি তীব্র তড়িৎ-বিশ্লেষ্য?
(a) $NH_4OH$ (b) $CH_3COOH$ (c) $H_3PO_4$ (d) NaCl

21. কাপড় কাচা সোডার রাসায়নিক সংকেত: $Na_2CO_3$, $nH_2O$ হলে n-এর মান:
(a) 5 (b) 6 (c) 8 (d) 10

22. $C_{10}H_8$ কোন যৌগের সংকেত?
(a) ভিনিগার (b) টলুইন (c) ন্যাপথলিন (d) অ্যাসেটিক অ্যাসিড

23. ব্রোঞ্জের প্রধান দু'টি আকরিক হল:
(a) Cu, Zn (b) Cr, Ni (c) Cu, Sn (d) Al, Cu

24. কিটোনের কার্যকর মূলক হল:
(a) —CHO (b) —OH (c) > CO (d) —COOH

25. 30° C উষ্ণতায় 20g জলে 90 g $KNO_3$ দ্রবীভূত করলে সম্পৃক্ত দ্রবণ উৎপন্ন হয়। ওই উষ্ণতায় $KNO_3$-এর দ্রাব্যতা (g এককে):
(a) 450 (b) 900 (c) 225 (d) 350

### উত্তর

অঙ্কের: 1(c), 2(a), 3(b), 4(d), 5(d), 6(d), 7(b), 8(a), 9(d), 10(a), 11(c), 12(a), 13(d), 14(b), 15(c), 16(c), 17(a), 18(d), 19(c), 20(c), 21(b), 22(b), 23(c), 24(a), 25(c).

পদার্থবিদ্যা ও রসায়ন: 1(b), 2(a), 3(c), 4(d), 5(c), 6(c), 7(a), 8(c), 9(b), 10(a), 11(b), 12(a), 13(c), 14(d), 15(c), 16(b), 17(c), 18(b), 19(b), 20(d), 21(d), 22(c), 23(c), 24(c), 25(a).

### সমাধান

অঙ্ক: 1(c): $(2.5)^{x-1} = 2.5^{2x-3} \Rightarrow 2^{x-1}.5^{x-1}$

$= 2.5^{2x-3} \Rightarrow 2^{x-2} = .5^{x-2} \Rightarrow \left(\frac{2}{5}\right)^{x-2} = 1 = \left(\frac{2}{5}\right)^0 \Rightarrow x-2=0 \Rightarrow x=2.$

2(a): $A = kr^2 \Rightarrow 154 = k \times 49 \Rightarrow k = \frac{22}{7}$

$r = 14, A = \frac{22}{7} \times 14^2 = 22 \times 2 \times 14 = 616\ cm^2.$

4(d): $\frac{a+b}{a-b} = \frac{5}{2} \Rightarrow \frac{(a+b)+(a-b)}{(a+b)-(a-b)} = \frac{5+2}{5-2} \Rightarrow \frac{2a}{2b} = \frac{7}{3}$
$\Rightarrow b : a = 3 : 7.$

5(d): অন্তঃকোণ $= \frac{2n-4}{n}$ সমকোণ $= \frac{2\times6-4}{6} \times 90^\circ = 120^\circ.$

6(d): sin x ঋণাত্মক। $\sin x = -\sqrt{1-\cos^2 x} = -\sqrt{1-\frac{1}{4}} = -\sqrt{\frac{3}{4}} = -\frac{\sqrt{3}}{2}.$

7(b): বেগ $60 \times \frac{5}{18}$ m/s, অতিক্রান্ত দূরত্ব = (280 + 220) = 500 m

সময় $= \frac{দূরত্ব}{বেগ} = \frac{500\times18}{60\times5} = \frac{50\times3}{5} = 30$ s.

8(a): স্রোতের বেগ = স্থির জলে বেগ – প্রতিকূলে বেগ = 45 – 36 = 9 km/h
অনুকূলে বেগ = স্থির জলে বেগ + স্রোতের বেগ = (45 + 9) = 54 km/h.


9(d): 25% লাভে প্রতিটি কমলালেবুর বিক্রয়মূল্য হবে (10 + 2.50) = 12.50 টাকা
100 টাকাতে বিক্রয় করা কমলালেবুর সংখ্যা $= \frac{100}{12.5} = \frac{100}{25/2} = \frac{100\times2}{25} = 8.$

10(a): $\tan x + \frac{1}{\tan x} = 2 \Rightarrow \tan x = 1$
$\tan^2x + \cot^2x = 1 + 1 = 2.$

11(c): গড় $= \frac{সমষ্টি}{মোট\ সংখ্যা} = \frac{100(100+1)}{2\times100} = 50.5.$

13(d): a + bc = 1 – b – c + bc = (1 – b) (1 – c)
রাশিমালা $= \frac{1-a+1-b+1-c}{(1-a)(1-b)(1-c)} = \frac{3-(a+b+c)}{1-(a+b+c)+(ab+bc+ca)-abc}$
$= \frac{3-1}{1-1+2-3} = \frac{2}{-1} = -2.$

14(b): ∠BAC = 60°



$\angle FAG = \frac{60}{2} = 30^\circ$
∠AFG = 90° [∵ সমবাহু]
Δ AFG, ∠AGF= 180° – (30° + 90°) = 60°.

15(c): ∠BDC এবং ∠BAC একই চাপ BC দ্বারা উৎপন্ন কোণ
∠BAC = ∠BDC = 120°.

16(c): ∠AOB = সরলকোণ = 180°.

17(a): 16 জন শ্রমিক 4 দিনে $\frac{4}{16} = \frac{1}{4}$ অংশ করে
বাকি $\frac{3}{4}$ অংশ 24 দিনে করবে
দিনের সংখ্যা $= 16 \times 16 \times \frac{3}{4} \times \frac{1}{24} = 8.$

18(d): 70785 = (3 × 3) × (11 × 11) × 5 × 13
ক্ষুদ্রতম সংখ্যা = 5 × 13 = 65.

19(c): $2^2 + 4^2 + ... + 10^2 = 4(1^2 + 3^2 + ... + 5^2) = 4 \times 385 = 1540.$

20(c): গড় বৃদ্ধির হার $= \frac{10540-10000}{10000} \times 100 = 5.4\%$

পুরুষ মহিলা
5 6
গড় 5.4
6 – 5.4 = 0.6 5.4 – 5 = 0.4

$\frac{পুরুষ}{মহিলা} = \frac{6}{4} = \frac{3}{2}$, মহিলা $= \frac{2}{3+2} \times 10000 = 4000.$

21(b): $\frac{4}{3}\pi r^3 = \frac{1}{3}\pi r^2 h \Rightarrow 4r = h \Rightarrow \frac{2r}{h} = 1.2.$

22(b): $\cos\left(\frac{\pi}{2} - \theta\right) = \frac{1}{2} = \cos 60^\circ \Rightarrow \theta = 30^\circ$
$\cot\theta = \cot 30^\circ = \sqrt{3}.$

23(c): cos θ = cos (90° – P) = sin P
$\sqrt{\frac{\sin P}{\sin P} - \sin P.\sin P} = \sqrt{1-\sin^2 P} = \cos P.$

## রেলে ৬২৯০৭

# গ্রুপ-ডি

*এগারোর পাতার পর*

91(b): Q-এর ডানদিকে আছে R (চিত্র অনুযায়ী)।

92(b): P এবং R-এর position যদি Interchanged হয় তাহলে P-এর জায়গায় R আসে এবং S এবং U-এর মাঝখানে থাকে R।

93(c): Problem figure (a) এবং (b)-তে প্রথম তিনটি Design উল্টে দেওয়া হয়েছে। (b) এবং (c) Problem figure থেকে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ Design উল্টানো হয়েছে। Problem figure (d) থেকে (e)-এর প্রথম, দ্বিতীয়, পঞ্চম designটি উল্টানো হয়েছে। অতএব, (e) Problem figure থেকে Answer figure দ্বিতীয়, চতুর্থ ও পঞ্চম designটি উল্টানো হয়েছে।
অতএব, উত্তর হবে c.

94(c): Problem figure-এর সমস্ত Design stepwise বাঁদিকে থেকে ডানদিকে গিয়েছে। (a) থেকে (b) এর Problem figure সবচেয়ে ওপরের এবং সবচেয়ে ওপরের design গুলি পরস্পর তাদের জায়গা পরিবর্তন করেছে এবং যে designটি ওপরে পৌঁছেছে সেটি একটি নতুন design দিয়ে পাল্টে দেওয়া হচ্ছে, ওই একইরকম পরিবর্তন Problem figure-এ (c) এবং (d) এবং Problem figure (e) থেকে Answer figure -এ দেখা যায়। সেটি দেখা যায় (c)-তে।

95(a) T E L E P    H O N E
E T P E L    E N O H
Similarly S T A T E    M E N T
T S E T A    T N E M

96(a): No. seriesটি হল 9, 9, 18, 54, 216
9 × 1 = 9, 9 × 2 = 18, 18 × 3 = 54, 54 × 4 = 216
অর্থাৎ, 216 × 5 = 1080.

97(e): dictionary alphabetically arrange করলে
Ca → 1st (calm)    Cle → 2nd (clever)
Clo → 3rd (cloth)    Co → 4th (cone)
Cu → 5th (custom)


98(c): No. seriesটি হল— 389, 476, 635, 847, 868
First এবং last digit interchange করলে আমরা পাই
389 → 983, 476 → 674, 635 → 536, 847→ 748, 568 → 865.
অর্থাৎ 635 smallest.

99(c): Sum of digit করলে পাই—
389 → 3 + 8 + 9 → 20    476 → 4 + 7 + 6 → 17
635 → 6 + 3 + 5 → 14    847 → 8 + 4 + 7 → 19
568 → 5 + 6 + 8 → 19, অর্থাৎ 635 হল least তার সংখ্যার যোগফল 14।

100(d): প্রত্যেকটা No.-এর প্রথম দু'টো digit-কে interchange করলে আমরা পাই, 389 → 839, 476 → 746, 635→ 365, 847 → 487, 568 → 658
365 < 487 < 658 অর্থাৎ 847.

*প্রস্তুত করেছেন: SCERT প্রশিক্ষিত স্কুল শিক্ষক কামাল হোসেন*

24(a): $\sin 30^\circ = \frac{x}{30-x}$



$\Rightarrow \frac{1}{2} = \frac{x}{30-x} \Rightarrow x = 10m.$

25(c): পরিধি $= 2\pi r = 2 \times \frac{22}{7} \times \frac{7}{4} = 11$ m
ঘূর্ণনের সংখ্যা $= \frac{11000}{11} = 1000.$

**পদার্থবিদ্যা ও রসায়ন**

2(a): ওজনের পার্থক্য = 100(9.81 – 9.8) = 1N.

3(c): ত্বরণ $a = \frac{F}{m} = \frac{200}{50} = 4\ cm.s^{-2}$
বস্তুর বেগ $v = u + ft = 0 + 4 \times 10 = 40\ cm.s^{-1}$.

4(d): 10 ধাপের উচ্চতা = 200 cm = 2m
কৃতকার্য = 45 × 9.8 × 2 = 882J
ক্ষমতা $= \frac{কৃতকার্য}{সময়} = \frac{822}{21} = \frac{21\times21\times2}{21} = 42$ watt

7(a): চ্যুতি কোণ = 180° – 2θ ⇒120° = 180° – 2θ ⇒ θ = 30°.

8(c): $v = 340\ m.s^{-1} = 340 \times 100\ cm.s^{-1}$
$v = n\lambda \Rightarrow 340 \times 100 = n \times 17 \Rightarrow n = 2000$ Hz.

10(a): টুকরোর আয়তন = x $cm^3$
76(100 – x) = 95(82 – x) ⇒ 4(100 – x) = 5 (82 – x)
⇒ 400 – 4x = 410 – 5x ⇒ x = 10.

12(a): $Zn + H_2SO_4 = ZnSO_4 + H_2\uparrow$
65.4      2

$65.4 \rightarrow 2,\ 327 \rightarrow \frac{2\times327}{65.4} = 2 \times 5 = 10$ g.

13(c): $\frac{C}{5} = \frac{104-32}{9} = \frac{72}{9} = 8 \Rightarrow C = 40^\circ.$

14(d): 1000 × 0.09 × (100 – 20) = 90 × 80 = 7200 cal.

25(a): 20g → 90g, 100g → 450g , দ্রাব্যতা = 450g.

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## ইন্টারভিউয়ে নিজের সম্পর্কে সত্যিটুকুই বলো



মুকুট চক্রবর্তী
হেড, ডিজিটাল মার্কেটিং
ন্যুভোকো ভিস্তাস
কর্পোরেশন লিমিটেড

ইন্টারভিউ হোক বা চাকরি— নিজেকে সবসময় সময়োপযোগী করে রাখাটা খুব দরকারি বিষয়। যে কোনও ক্ষেত্রেই রোজ নতুন নতুন বদল ঘটছে। একটা সময়ের পর আমাদের জানা বিষয়গুলো প্রাসঙ্গিকতা হারিয়ে ফেলছে। সেদিকে খেয়াল না রাখলে কেবল ইন্টারভিউয়েই নয়, চাকরিতে ব্যবহারিক ক্ষেত্রেও অসুবিধার সম্মুখীন হতে হবে। গুগলে যখন আমার ওপর পূর্বাঞ্চলের দায়িত্ব ছিল, সেসময় প্রায় সব মিডিয়া হাউজের সঙ্গে যোগাযোগ রেখে চলতাম। নিজের বিষয় সম্পর্কে সর্বাধুনিক এবং সাম্প্রতিকতম তথ্যও ঠোঁটস্থ না রাখলে চলত না। এখন সর্বভারতীয় ক্ষেত্রে ডিজিটাল মার্কেটিংয়ের দায়িত্ব সামলাচ্ছি ন্যুভোকো তথা পূর্বতন বহুজাতিক সংস্থা লাফার্জ সিমেন্টে। অভিজ্ঞতায় দেখেছি, নিজেকে সদাপ্রস্তুত আর অন্যের থেকে এগিয়ে রাখার মূলমন্ত্র ওই সময়োপযোগী থাকা।

### ইন্টারভিউয়ের আগের প্রস্তুতি

সাধারণ চাকরির ক্ষেত্রে প্রতিযোগিতা তীব্র। তাই আগে থেকে যদি কোন পেশায় যাবে সেটা একটু ঠিক করে নিতে পারো, তাহলে চাকরি পাওয়ার পথটা একটু সহজ হবে। নিজেই নিজেকে যাচাই করে দেখো কোন কাজটা তোমায় বেশি টানছে। সেই অনুযায়ী নিজের মতো করে রেফারেন্স বই পড়ে, ইন্টারনেট খুঁজে জ্ঞান বাড়াতে হবে। নিজের বিষয়ের ক্ষেত্রে কলেজে কী পড়েছিলে তার ওপর ভরসা করে থেকো না। সে বিষয়ের সাম্প্রতিকতম ডেভেলপমেন্টটিও যেন তোমার জানা থাকে।

এছাড়াও কিছু প্রস্তুতির প্রয়োজন। কোনও সংস্থায় ইন্টারভিউ দিতে যাওয়ার আগে জেনে নাও তারা কী ধরনের কাজ করে, কীভাবে কর্মী নিয়োগ করা হয়, সংস্থাটি বহুজাতিক হলে কোন কোন দেশে কাজ করছে ইত্যাদি সম্পর্কে বিস্তারিত তথ্য। ইন্টারনেটেই আজকাল এইসব জানা যায়। ওই সংস্থায় পরিচিত লোকজন থাকলে তাদের সঙ্গে কথা বলে সংস্থা সম্পর্কে জানতে চাও। সংস্থাভেদে ইন্টারভিউয়ের ধরন পাল্টে যায়। তাই আগে থেকে একটু হোমওয়ার্ক করে গেলে, প্রশ্নের সামনে হঠাৎ থেমে যেতে হবে না।

### ইন্টারভিউয়ের রিংয়ে

ইন্টারভিউয়ের সময়টা খুব সীমিত। ফলে মনে রাখতে হবে, তোমার সেরাটা বের করে আনার কোনও দায় নেই ইন্টারভিউয়ারের, বরং তোমাকেই ওই স্বল্প সময়ের মধ্যে নিজেকে প্রমাণ করতে হবে। সেজন্য অল্প সময়ে নিজেকে প্রমাণ করার কৌশলটি আয়ত্ত করতে হবে।



ইন্টারভিউয়ের মূল জায়গা এটাই।

ইন্টারভিউয়ে আরও কয়েকটা বিষয় মনে রাখবে। কোনও প্রশ্নের উত্তর হয়তো সঙ্গে সঙ্গে মনে পড়ল না। ঘাবড়ে যেও না। একটু সময় চেয়ে নাও ইন্টারভিউয়ারের কাছে। এতে কোনও নেগেটিভ মার্কিং হবে না। তবে বেশি সময় যাতে নষ্ট না হয়, সেদিকেও খেয়াল রাখতে হবে।

ইন্টারভিউয়ে অনেক সময় গ্রুপ ডিসকাশন হয়। সাধারণত যে-প্রার্থী আলোচনা শুরু করে এবং যে শেষ করে, তারা বাড়তি নম্বর পায়। যে মোটামুটি হলেও নিজস্ব মৌলিক মতামত রাখে, তার জন্যও বাড়তি নম্বর বরাদ্দ থাকে। কিন্তু যদি ভাবো তোমার কোনও বলার মতো পয়েন্ট নেই, তাই চুপ করে থাকলে, সেটা কিন্তু বড় ভুল। তোমাকে কিছু না কিছু বক্তব্য রাখতেই হবে। তা না হলে সেই পর্বেই বাদ পড়ে যেতে পারো।

ইন্টারভিউয়ারের সামনে নিজের সম্পর্কে সঠিক ধারণা দিতে চেষ্টা করো। বেশিরভাগ ছেলেমেয়েরাই যদিও এ জায়গায় ভুল করে ফেলে। হয় খুব বেশি আত্মরক্ষার চেষ্টা করে, নিজে যেটা নয় সেটা বোঝাবার চেষ্টা করে, নয়তো বড্ড বেশি ক্যাজুয়াল হতে চায়। দুটোই ভুল। ক্যাজুয়াল আচরণ বলতে— হয়তো একজন প্রার্থীকে নিজের সম্পর্কে বলতে বলা হল। সে নিজেকে 'ফানলাভিং' বলে পরিচয় দিল। এখন কৌতুকপ্রিয় হওয়ার মধ্য দিয়ে তেমন কোনও পেশাদারি বৈশিষ্ট্য ফুটে ওঠে না। আসলে তুমি যাই বলো না কেন, অভিজ্ঞ ইন্টারভিউয়ারের তোমাকে বিশ্লেষণ করতে অসুবিধা হওয়ার কথা নয়। তাই নিজের সম্পর্কে সত্যিটুকুই বলো। ইন্টারভিউয়ার কী শুনতে চাইছেন সেটা ভেবো না। সেটা ভেবে উত্তর দিও না।

### নেতিবাচক ভাবনা বাদ দাও

ইন্টারভিউয়ে ফলাফল মনের মতো না হলে ভেঙে পড়ার কারণ নেই। আবারও সুযোগ আসবেই। সেটা ভেবে নিজেকে উৎসাহ দিতে হবে। না হলে এগোতেই পারবে না। আমি ব্যক্তিগতভাবে এমন অনেককে জানি, যারা বহু ইন্টারভিউয়ে ব্যর্থ হওয়ার পরও নামি সংস্থায় চাকরি করে আর তাদের নিয়মিত পদোন্নতিও হয়।

বর্তমান সময়ে প্রতিযোগিতা খুব বেশি। অল্পবয়সি ছেলেমেয়েদের লড়াই করতে দেখি। প্রাণপণে প্রস্তুতি নিতে দেখি। ইন্টারভিউয়ে এসেও তাদের মধ্যে নিজেকে সেরা প্রমাণ করার আকুতি চোখে পড়ে। কিন্তু সমস্যা হল, অধিকাংশ ক্ষেত্রে দেখি তারা সব সময়ই ভাবছে, অন্যরা পারছে, সে পারছে না। অন্যরা এগিয়ে গেল, সে পারল না। অন্য কারও সঙ্গে তুলনা করে নয়, নিজের জায়গায় থেকে নিজেকে পরিমাপ করো। ভেবে দেখো, তুমি একবছর আগে কোথায় ছিলে আর একবছর পর কোথায় আছো। তোমার ব্যক্তিগত উন্নতি হচ্ছে কিনা। নিজের সঙ্গে নিজের এই তুলনাটাই আসল। তাহলেই একমাত্র সুস্থ প্রতিযোগিতা সম্ভব।

বাঁকুড়া, পুরুলিয়া, হাওড়া, হুগলি ও বর্ধমান জেলার চাকরি প্রার্থীদের উদ্দেশ্যে—

সতর্কীকরণ

সরকারি চাকরির পরীক্ষার ট্রেনিং নিতে ইচ্ছুক RICE-এর ছাত্রছাত্রীদের প্রতারিত না হওয়ার থেকে সাবধান হওয়া প্রয়োজন। উপরিউক্ত জেলার ছাত্রছাত্রীদের থেকে জানতে পারা যাচ্ছে যে কতিপয় অসাধু ব্যক্তি RICE Education-এর নাম ভাঙিয়ে ব্যাঙের ছাতার মতো গজিয়ে ওঠা অন্য প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার প্রলোভন দেখিয়ে অর্থ তছরূপ করার চেষ্টা করছে। এই রকম প্রার্থীদের প্রতি আমাদের আবেদন উপরিউক্ত ঘটনা চোখে পড়ার সাথে সাথেই RICE-এর হেড অফিসে ফোন করে তথ্য যাচাই করে নিন। RICE Education-এর অজান্তে কোনও টাকা আদান প্রদান হলে কর্তৃপক্ষ দায়ী নয়।

RICE হেড অফিস-এর ঠিকানা : 'দিশারী হাউস', ১১/১, বি টি রোড, রথতলা, কলকাতা-৭০০০৫৬
✆ 7980423372 / 8336959268

সুনিশ্চিত সরকারি চাকরির লক্ষ্যে পৌঁছাতে
RICE-এর Residential Course

প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতিতে এক ও অনবদ্য

"সরকারি চাকরি পাওয়ার জন্য শুধুমাত্র ডিগ্রি ও ভালো রেজাল্টই যথেষ্ট নয়— প্রয়োজন সুনির্দিষ্ট পরিকল্পনা, সঠিক গাইডেন্স, উন্নত পরিকাঠামো ও প্রয়োজনীয় ব্যবস্থাপনার মাধ্যমে প্রশিক্ষণ। আর সেই লক্ষ্যে পৌঁছাতেই RICE-এর Residential Course, যেখানে প্রতিদিন সকাল ৭টা থেকে রাত্রি ১১টা পর্যন্ত প্রতিষ্ঠানের অভিজ্ঞ আবাসিক শিক্ষক ও কর্মীদের তত্ত্বাবধানে চলে প্রশিক্ষণ। এইভাবে RICE-এর প্রশিক্ষণ ও ছাত্রছাত্রীদের পরিশ্রমই পারে WBCS, SSC CGL সহ অন্যান্য সরকারি চাকরির পরীক্ষায় সাফল্য আনতে। তাই গ্র্যাজুয়েশনের পরীক্ষা শেষ করেই Govt. Officer হওয়ার লক্ষ্যে পৌঁছাতে Adamas Knowledge City-এর RICE Residential Institute-ই ছাত্রছাত্রীদের একমাত্র গন্তব্য।

প্রফেসর সমিত রায়, চেয়ারম্যান, রাইস গ্রুপ

RICE-এর Residential Course-এর সফল ছাত্রছাত্রীদের অভিজ্ঞতা...



মকটেস্ট, হ্যান্ড আউট দারুণ কাজের। রাইস-এর পড়ানোর পদ্ধতি, পরিকাঠামো এবং সঠিক গাইডেন্সের জন্য এই প্রতিষ্ঠানকে বেছে নিয়েছি। লক্ষ্য স্থির করে নিয়েছিলাম সাফল্য পেতেই হবে। সেই মতো প্রস্তুতি নিয়েছি। একটা মুহূর্তও নষ্ট করিনি।

অনুরিমা প্রামাণিক, ঠিকানা- তমলুক, পূর্ব মেদিনীপুর
সাফল্য—SSC CGL, Accountant in CAG & Other



রেসিডেন্সিয়াল কোর্স বলে এখানে সাত সকালেই পড়া শুরু। একই অট্টালিকায় ক্লাস, গ্রন্থাগার ও পরীক্ষা দেওয়ার ব্যবস্থা। সকাল থেকে লাইব্রেরিতে পড়া, অভিজ্ঞ শিক্ষকদের ক্লাস, প্রশ্নোত্তরের অভ্যাস গড়ে তোলা, পরীক্ষা দিয়ে নিজের প্রস্তুতি যাচাই করে নেওয়া, মাঝে খাওয়া-দাওয়া আর একটু বিশ্রামের পরই সেল্ফ স্টাডি ও ডাউট ক্লিয়ারিং ক্লাস, দিন-রাত্রি সব সময়ই আবাসিক শিক্ষকদের সহযোগিতা —এইসবের রসায়নই এনে দিয়েছে সাফল্য।

প্রদীপ দাস, ঠিকানা- রামপুরহাট, ভাটপাড়া, উত্তর ২৪ পরগনা।
সাফল্য- WBCS- Subordinate Land Revenue Service

ভর্তি হওয়ার শর্তাবলি –
- গ্র্যাজুয়েশন বা মাস্টার ডিগ্রি শিক্ষান্তে
- বছরে তিনবার বাড়ি যাওয়ার অনুমতি
- বাবা-মা, ভাই- বোন সপ্তাহে একবার সাক্ষাত করার সুযোগ পাবেন
- সরকারি চাকরিই হতে হবে একমাত্র লক্ষ্য এবং দরকার কঠোর পরিশ্রম
- বয়সসীমা হতে হবে ২০ থেকে ২৭ বছর
- সব সময় সঙ্গে মোবাইল রাখা যাবে না

আসন সীমিত

COURSES Offered : WBCS | General Combined ( Bank, Rail, PSC, LIC, Staff Selection etc.)

2018-2020 শিক্ষাবর্ষে ভর্তি হওয়ার জন্য সরাসরি যোগাযোগ করুন—

For Enquiry, Call : ✆ 8479918032 / 8479918009

Adamas Knowledge City Campus - Barasat-Barrackpore Road, Barbaria, Jagannathpur, Kolkata-700126, e mail-rice.residential@riceindia.org

RICE EDUCATION

https://www.facebook.com/riceeducationindia • www.riceindia.org
For more details on RICE Group visit the page of Prof. Samit Ray. • https://www.facebook.com/samitrayricegroup/?fref=ts

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*কঠিন সময়, ব্যর্থতা— এগুলোর মুখোমুখি আমাদের হতেই হয়, তারপর প্রকৃত পরীক্ষাটা হল, কঠিন পরিস্থিতিতে তুমি দমে গেলে, লজ্জিত হয়ে কাজটা থেকে মুখ ফেরালে, নাকি ভুল থেকে শিক্ষা নিয়ে ফের কাজে ঝাঁপালে।*
*— বারাক ওবামা*
*(প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট)*

***✓ উচ্চমাধ্যমিক পড়েছি বিজ্ঞান শাখায়। গ্র্যাজুয়েশন করেছি রাষ্ট্রবিজ্ঞানে। বর্তমানে রাষ্ট্রবিজ্ঞানের স্নাতকোত্তর কোর্স পড়ছি প্রথম বর্ষে। চাকরির জন্য পড়াশোনা করতে চাই। কিন্তু কোন চাকরির জন্য পড়াশোনা করব, কী কী বিষয়ে পড়াশোনা করব সে-বিষয়ে স্পষ্ট ধারণা নেই। একটা পথনির্দেশ পেলে উপকার হয়।***

*সুনীতি ভট্টাচার্য, নতুনবাজার, নদিয়া-৭৪১ ১০১।*

☐ আপনি স্নাতক যোগ্যতার বিভিন্ন চাকরির জন্য আবেদন করতে পারবেন। এখন, যে-কোনও চাকরির জন্য কয়েকটি কমন বিষয়ের প্রশ্ন থাকেই। এই বিষয়গুলি হল: এরিথমেটিক, ইংরেজি, লজিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স। এরিথমেটিক বিষয়ে প্রস্তুতির জন্য নবম-দশম শ্রেণির অঙ্কগুলোই ফের ঝালিয়ে নিতে হবে এবং অনুশীলনের মাধ্যমে দ্রুত উত্তর দেওয়ার অভ্যাস গড়ে তুলতে হবে। ইংরেজির ক্ষেত্রে গ্রামারের ওপরে জোর দিতে হবে। এ ক্ষেত্রেও স্কুল স্তরের বইগুলি ফের পড়তে হবে। লজিক্যাল অ্যাপ্টিটিউড-সংক্রান্ত প্রচুর বই পাবেন বাজারে। প্র্যাক্টিসের মাধ্যমেই এ বিষয়ে দক্ষতা বাড়াতে হবে। জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ে প্রস্তুতির জন্য পত্র-পত্রিকা পড়তে হবে। নিয়মিত খবরের কাগজ পড়তেই হবে। এ ক্ষেত্রে দক্ষতা বাড়ানোর জন্য 'পেশাপ্রবেশ' পত্রিকাটি নিয়মিত পড়তে পারেন।

এখন, কেমন চাকরি আপনি করতে চান, সেটা একটা গুরুত্বপূর্ণ দিক। প্রত্যেক সরকারি চাকরির পরীক্ষার জন্যই নির্দিষ্ট সিলেবাস থাকে। সুতরাং, আগে থেকে চাকরি বাছাই করে নেওয়াটাও একটি গুরুত্বপূর্ণ কর্তব্য। ধরা যাক, আপনি সরাসরি কেন্দ্রীয় সরকারের অফিসার ক্যাডারের চাকরি করতে চান, সেক্ষেত্রে আপনাকে স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক পরিচালিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে হবে এবং আগেভাগেই এই পরীক্ষার সিলেবাস সংগ্রহ করতে হবে। এখন ইন্টারনেটের মাধ্যমেই এ কাজটা সম্ভব। তারপর সিলেবাস অনুসারে বইপত্র সংগ্রহ এবং পড়াশোনা। আবার ব্যাঙ্কের চাকরি করতে চাইলে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে দক্ষ হতে হবে অনুশীলনের মাধ্যমে। ভারতীয় ব্যাঙ্কিং ব্যবস্থা সম্পর্কেও পড়াশোনা করতে হবে। আবার, ডব্লু বি সি এস বা আই এ এসের মতো প্রশাসনিক চাকরির ক্ষেত্রে পরীক্ষার সিলেবাস পাল্টে যাবে। সুতরাং, চাকরি বাছাই করে নিন আপনার পছন্দ ও ক্ষমতা অনুসারে।

***এখনই আবেদন করতে পারেন:*** ২০০০ প্রবেশনারি অফিসার নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। এখনই আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৭ এপ্রিল সংখ্যায় 'স্টেট ব্যাঙ্কে ২০০০ প্রবেশনারি অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ১৩ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sbi.co.in

***পরে আবেদন করতে পারবেন:*** কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসার জন্য একটু সময় নিয়ে প্রস্তুতি নিতে হয়। আপনি এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। রেলে কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে কেন্দ্রীয় সিভিল সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন ভালো প্রস্তুতি নিয়ে।

মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বিভাগে অফিসার গ্রেডে চাকরি হয়। আপনি এই পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগে কৃষিপ্রযুক্তি সহায়ক পদে আবেদন করতে পারবেন। চাইলে ডব্লু বি সি এস পরীক্ষায় বসতে পারেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন। পাবেন আরও নানা চাকরির খবর।

***✓ সান্ধ্য কোর্সে বি কম পড়ছি। দিনের বেলায় একটি বেসরকারি সংস্থায় ফিনান্সিয়াল প্রোডাক্ট মার্কেটিংয়ের চাকরি করি। আমার একটা স্থায়ী চাকরির খুব দরকার। চাকরির খোঁজ দিলে উপকৃত হব।***

*বিশ্বজিৎ পাইন, ঢাকুরিয়া, কলকাতা।*

☐ সরকারি চাকরির কথা যদি ভেবে থাকেন, তবে স্নাতকের কোর্স সম্পূর্ণ করার আগে উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** ব্যাঙ্ক অব বরোদা ফিনান্সিয়াল সলিউশনসে (পূর্বতন ববকার্ডস লিমিটেড) সেলস এক্সিকিউটিভ (আন্ডারগ্র্যাজুয়েট) পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৪ মে সংখ্যায় 'ব্যাঙ্ক অব বরোদা ফিনান্সিয়াল সলিউশনসে ৫০০ সেলস এক্সিকিউটিভ' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আবেদনের জন্য জীবনপঞ্জি পাঠাতে হবে এই ই-মেল অ্যাড্রেসে: salesforce.bob@bobcards.com সাবজেক্ট লাইনে পদের নাম লিখবেন। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.bobfinancial.com

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে টিকিট এক্সামিনার ও ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগে কৃষিপ্রযুক্তি সহায়ক এবং খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, পুরসভায় সহায়ক পদে আবেদন করতে পারবেন।

***✓ 'কর্মক্ষেত্র'-য় দেখলাম ন্যাশনাল ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেন্টারে হেলথ স্যানিটারি ইন্সপেক্টরের ১ বছরের ট্রেনিং দেওয়া হবে। আমি এই কোর্সটি করতে ইচ্ছুক। আপনারা জানিয়েছেন, ৫০ শতাংশ আসনে আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। এই সুযোগটি নিতে চাই। ভর্তির জন্য তোড়জোড়ও শুরু করেছি। এই চিঠি পাঠানোর উদ্দেশ্য হল, হেলথ স্যানিটারি ইন্সপেক্টরদের কোথায় কোথায় চাকরি হয়?***

*পার্থ ভৌমিক, সন্তোষপুর অ্যাভেনিউ, কলকাতা-৭৫।*

☐ হেলথ স্যানিটারি ইন্সপেক্টরদের চাকরি হয় বড় বড় সরকারি হাসপাতাল, পুরসভা, বড় শিল্প সংস্থা, তারকা হোটেল, এয়ারপোর্ট, বড় শিক্ষাপ্রতিষ্ঠানে। চাকরির সুযোগ রয়েছে রেলেও। চাকরি হতে পারে সরকারি স্বাস্থ্যবিভাগে। রোগ প্রতিরোধ ও পরিচ্ছন্নতার নীতিকে কার্যকর করার লক্ষ্যে হেলথ স্যানিটারি ইন্সপেক্টরের গুরুত্ব বাড়ছে। সেই কারণেই কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠানে এই পেশাদার তৈরির উদ্যোগ।

***✓ মাধ্যমিক পাশ করার আগে থেকেই গাছপালা পরিচর্যার কাজ করি। মাধ্যমিক পাশ করেছি ২০১২। বর্তমানে একটি ঠিকাদারি সংস্থার অধীনে মালির কাজ করি। ভালো কোনও জায়গায় মালির কাজের সন্ধান দেবেন।***

*দেবেশ ঘোড়ুই, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।*

☐ এয়ারফোর্সের বিভিন্ন কেন্দ্রে মাল্টিটাস্কিং স্টাফ নেওয়া হয়। এই পদে মালির কাজ জানা লোকও নেওয়া হয়। আপনি এই পদের চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ভারতীয় বিমানবাহিনীর বিভিন্ন কেন্দ্রে মাল্টিটাস্কিং স্টাফ পদে লোক নেওয়া হবে। আপনি দরখাস্ত করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৪ মে সংখ্যায় 'এয়ারফোর্সে গ্রুপ "সি"' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান পাবেন 'কর্মক্ষেত্র'তেই। বয়ানটি এ-ফোর মাপের কাগজে টাইপ করিয়ে নিয়ে তারপর পূরণ করবেন। যে কেন্দ্রের শূন্যপদে আবেদন করবেন, প্রয়োজনীয় নথিপত্র-সহ সেই কেন্দ্রের ঠিকানায় দরখাস্ত পৌঁছানো চাই ৩ জুনের মধ্যে।

প্রসঙ্গত, এয়ারফোর্সের এককেটি রিজিওনের অন্তর্গত ইউনিটগুলির জন্য নিয়োগের বিজ্ঞপ্তি বেরোয়। পরে অন্য রিজিয়নের কোনও ইউনিটেও মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদনের সুযোগ আছে। নিয়োগের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হবে।

***✓ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া জুনিয়র অ্যাসোসিয়েট নিয়োগ করে থাকে এবং যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট হলেই এই পদটিতে আবেদন করা যায় বলে জানতে পেরেছি। আমি ইংরেজির গ্র্যাজুয়েট। আমার প্রশ্ন হল আমি কি এই পদে আবেদন করতে পারব? এ জন্য কি আই বি পি এসের পরীক্ষায় বসতে হবে? অন্য ব্যাঙ্কগুলোও কি এই পদে নিয়োগ করে? জুনিয়র অ্যাসোসিয়েট পদের চাকরির পরীক্ষার সিলেবাস জানতে চাই।***

*অপর্ণা ঘোষ, কালনা, বর্ধমান।*

☐ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া সময়ে সময়ে জুনিয়র অ্যাসোসিয়েট নিয়োগ করে থাকে। আপনি এই পদে আবেদন করতে পারবেন। অন্য কোনও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক এই পদে নিয়োগ করে না। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও পদের ক্ষেত্রেই ব্যাঙ্ক কর্তৃপক্ষ সরাসরি প্রার্থী বাছাই করে থাকে। আই বি পি এস পরীক্ষার স্কোরের দরকার হয় না, এই পদের ক্ষেত্রেও দরকার হবে না।

**সিলেবাস:** প্রার্থী বাছাই হয় দু' পর্যায়ের (প্রিলিমিনারি ও মেন) অনলাইন. পরীক্ষার মাধ্যমে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হয় এইসব বিষয়ে (ব্র্যাকেটে নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর)। প্রতিটি বিষয়ের জন্য ২০ মিনিট করে সময় পাওয়া যাবে।

মেন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল ইংলিশ (৪০ নম্বর), জেনারেল ও ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), রিজনিং এবিলিটি ও কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০ নম্বর)। মেন পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা ৪০ মিনিট।

## পেশার হালহকিকত সম্পর্কে অবহিত থাকুন, সুযোগ কাজে লাগান



ডঃ জয়ন্তী দে, অ্যাসোসিয়েট প্রফেসর, পাবলিক সিস্টেমস বিভাগ, কোর্স কো-অর্ডিনেটর, ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট

এই একবিংশ শতকে পেশার প্যাটার্নগুলো বদলে যাচ্ছে দ্রুত। টাইপ রাইটারের বদলে কম্পিউটারে টাইপ করা হয় এখন। টাইপ করার পরে একটি চিঠি সেভ করতে হবে। প্রয়োজনে সেই চিঠিটি দশ জনকে মেল করতে হবে। কাজটা করার জন্য শুধু টাইপিং জানলেই হয় না, কম্পিউটার অ্যাপ্লিকেশন সম্পর্কেও ধারণা থাকতে হয়। অর্থাৎ একজন টাইপিস্টের এখন কম্পিউটার ব্যবহারের জ্ঞানটাও থাকতে হবে। আগে জাবেদা খাতায় হিসেব রাখতেন অ্যাকাউন্ট্যান্টরা। সে-যুগের কার্যত ইতি ঘটেছে। এখন কম্পিউটারাইজড অ্যাকাউন্টিংয়ের যুগ। অ্যাকাউন্টিং সফটওয়্যার ব্যবহার করে কাজ করতে হয়।

কিন্তু লক্ষণীয় যেটা— তা হল, টাইপিস্টের প্রথমত টাইপিংয়ের দক্ষতা দরকার হচ্ছেই। অ্যাকাউন্ট্যান্টের হিসেবরক্ষণের জ্ঞান, কলাকৌশল দরকার হচ্ছেই। এর কিন্তু ব্যত্যয় ঘটেনি।

ফলে যাঁর যেটা মূল বিষয়, সেটা তাঁকে ভালো করে জানতেই হবে। সেখানে ফাঁকফোকর থেকে গেলে পরে নিজেকে আপগ্রেড করার ক্ষেত্রে সমস্যায় পড়তে হবে। ভিতটা মজবুত না হলে তার ওপর বড়সড় ইমারত গড়া যাবে না।

ওয়াকিবহাল থাকতে হবে পেশার পরিপ্রেক্ষিতে নিজ নিজ বিষয়ের ব্যবহার নিয়েও। আমাদের প্রতিষ্ঠানে পাবলিক সিস্টেমসের চার শাখায় এম বি এ করা যায়। একটি শাখা হল এনার্জি ম্যানেজমেন্ট। বিষয়টা যখন এনার্জি সংক্রান্ত, তখন সাধারণভাবে এটা ধরে নেওয়াই যায় যে, ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি এবং পিওর সায়েন্সের ছাত্রছাত্রীরা এম বি এ পড়তে পারবেন। ইকনমিক্সের অনার্স ডিগ্রিধারীরাও এ শাখায় এম বি এ করতে পারেন। এখন ইকনমিক্স অথবা বি বি এ বা বি সি এ বা এম বি এ ডিগ্রিধারীরাও যে কোর্সটি পড়তে পারেন এই তথ্যটি সংশ্লিষ্ট বিষয়গুলির ছাত্রছাত্রীদের কাছে থাকা উচিত। আবার ওই ইকনমিক্সের ছাত্র বা ছাত্রীটি অথবা সায়েন্স বা কমার্স গ্র্যাজুয়েটরা ট্রান্সপোর্টেশন ও লজিস্টিক্স ম্যানেজমেন্ট পড়তে পারেন। পাবলিক সিস্টেমসের অন্য দুটি শাখা হল হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্ট এবং এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট। চার শাখাতেই এখন ভর্তির প্রক্রিয়া চলছে। তথ্যের প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.iiswbm.edu

আমি যে বিষয়টা বলার চেষ্টা করছি, তা হল, বি কমের একটি ছাত্র বা ছাত্রীকে ক্লার্কের চাকরিই করতে হবে বা অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্ট্যান্ট হিসেবে কর্মজীবন শুরু করতে হবে, এখনকার দিনে এটা অনিবার্য নয়। কিন্তু কী কী তিনি করতে পারেন সে-সম্পর্কে তাঁকে ওয়াকিবহাল হয়ে উঠতে হবে, সচেতন থাকতে হবে। প্রত্যেকটি বিষয়ের ছাত্রছাত্রীর-ই এখন পেশার সুযোগ-সম্ভাবনা নিয়ে অবহিত থাকা দরকার। তবেই সুযোগের সদ্ব্যবহার করা যাবে।

শেষে একটা কথা বলি, প্রয়োজনের তুলনায় চাকরি কম আমাদের দেশে, এ তো অনস্বীকার্য। আবার নতুন নতুন পেশার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষিত লোকের ঘাটতিও লক্ষ করা যায়। সেইজন্য কাজের বাজার, পেশার হালহকিকত সম্পর্কে অবহিত থাকুন। সুযোগগুলো কাজে লাগান।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট

প্রথম পাতার পর

ইমপ্লিমেন্টেশন)। গ্রুপ 'সি'— ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস), অডিটর (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অডিটর (কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টসের অধীনস্থ অফিসে), অন্যান্য মন্ত্রক ও দপ্তরে অডিটর, অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অ্যাকাউন্ট্যান্ট/জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট (অন্যান্য মন্ত্রক ও দপ্তরে), সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট/আপার ডিভিশন ক্লার্ক (সি এস সি এস ক্যাডার ব্যতীত কেন্দ্রীয় সরকারি বিবিধ মন্ত্রক ও অফিসে), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব এক্সাইজ অ্যান্ড কাস্টমস), সাব ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), আপার ডিভিশন ক্লার্ক (মিনিস্ট্রি অব ডিফেন্সের অধীনস্থ বর্ডার রোড অর্গানাইজেশনের ডিরেক্টোরেট জেনারেলের অফিসে)।

দৈহিক প্রতিবন্ধীরা ইনস্পেক্টর (পোস্টস), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার, সাব-ইনস্পেক্টর (সি বি আই এবং এন আই এ), সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স) এবং আপার ডিভিশন ক্লার্ক (বর্ডার রোড অর্গানাইজেশন) পদে বিবেচিত হবেন না। আপার ডিভিশন ক্লার্ক (বর্ডার রোড অর্গানাইজেশন) পদের ক্ষেত্রে শুধু পুরুষরা আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার এবং অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে স্নাতক। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি যোগ্যতা থাকলে অগ্রাধিকার: চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট, কোম্পানি সেক্রেটারি, এম কম, বিজনেস স্টাডিজে স্নাতকোত্তর ডিগ্রি, এম বি এ (ফিনান্স), বিজনেস ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে যে-কোনও বিষয়ে স্নাতক। উচ্চমাধ্যমিকে অঙ্কে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে অথবা স্নাতকে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে।

অন্যান্য সবক'টি পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস এবং মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স) এবং অ্যাসিস্ট্যান্ট (সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস), অ্যাসিস্ট্যান্ট (মিনিস্ট্রি অব কর্পোরেট অ্যাফেয়ার্স ও মিনিস্ট্রি অব মাইনস) পদের ক্ষেত্রে অতিরিক্ত কম্পিউটারের দক্ষতা থাকতে হবে।

ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে ১ অগস্টের মধ্যে ফাইনাল রেজাল্ট হাতে পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-৮-২০১৮ তারিখে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টসে অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার, ইন্টেলিজেন্স ব্যুরো-সহ বিভিন্ন দপ্তর ও মন্ত্রকের অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার, অ্যাসিস্ট্যান্ট/সুপারিন্টেন্ডেন্ট, ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস), ইনস্পেক্টর (সেন্ট্রাল বোর্ড অব এক্সাইজ অ্যান্ড কাস্টমস), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার, ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট, সাব ইনস্পেক্টর (এন আই এ) পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, মিনিস্ট্রি অব রেলওয়ে, মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স), অ্যাসিস্ট্যান্ট এবং সাব-ইনস্পেক্টর (সি বি আই) পদের ক্ষেত্রে ২০ থেকে ৩০ বছরের মধ্যে, জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন) পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে, অ্যাসিস্ট্যান্ট ও ইনস্পেক্টর পোস্টস (ডিপার্টমেন্ট অব পোস্ট)-এর ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব এক্সাইজ অ্যান্ড কাস্টমস) পদের ক্ষেত্রে ২০ থেকে ২৭ বছরের মধ্যে এবং বাকি সবক'টি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ (তফসিলি প্রতিবন্ধীরা ১৫, ও বি সি প্রতিবন্ধীরা ১৩) বছরের ছাড় পাবেন। গ্রুপ 'সি' পদগুলির ক্ষেত্রে বিধবা, আইনত স্বামীবিচ্ছিন্ন ও বিবাহবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে ৩৫ বছর (তফসিলিদের ক্ষেত্রে ৪০ বছর) বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে: উচ্চতা ১৫৭.৫ সেমি, বুকের ছাতি ৫ সেমি ফুলিয়ে অন্তত ৮১ সেমি। তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫২ সেমি। ওজন ৪৮ কেজি। তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীরা উচ্চতা এবং ওজনে যথাক্রমে ২.৫ সেমি ও ২ কেজি ছাড় পাবেন।

সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। উভয়ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে উচ্চতা: ১৭০ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। উভয়ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

**দৃষ্টিশক্তি:** সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর এবং ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে চশমা ছাড়া বা চশমা-সহ দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে এক চোখে ০.৬ এবং অন্য চোখে ০.৮।

**বেতনক্রম:** গ্রুপ 'বি'-র সমস্ত পদ এবং ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস) পদের ক্ষেত্রে ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে পদ অনুসারে ৪,২০০ থেকে ৪,৮০০ টাকা। ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস) পদটি ছাড়া গ্রুপ 'সি'-র সমস্ত পদের ক্ষেত্রে ৫,২০০-২০,২০০ টাকা। সেই সঙ্গে গ্রেড পে পদ অনুসারে ২,৪০০ থেকে ২,৮০০ টাকা।

পরীক্ষা হবে পশ্চিমবঙ্গের এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে সেন্টার কোড নম্বর): কলকাতা (৪৪১০), বারাসত (৪৪০২), বহরমপুর (৪৪০৩), চুঁচুড়া (৪৪০৫), জলপাইগুড়ি (৪৪০৮), মালদা (৪৪১২), মেদিনীপুর (৪৪১৩), শিলিগুড়ি (৪৪১৫)।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১)-এ প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ১ ঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি প্রার্থীরা অতিরিক্ত ২০ মিনিট সময় পাবেন। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-২)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে সেইসঙ্গে স্ট্যাটিস্টিক্স এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসারের ক্ষেত্রে অতিরিক্ত জেনারেল স্টাডিজ (ফিনান্স ও ইকনমিক্স)। প্রতিটি পেপারে নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি প্রার্থীরা ৪০ মিনিট করে বেশি সময় পাবেন। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

টিয়ার-৩ খাতায়-কলমে পরীক্ষা। পরীক্ষায় থাকবে ইংরেজিতে এসে রাইটিং, প্রেসি রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং ইত্যাদি। মোট নম্বর ১০০। সময় ১ ঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি প্রার্থীরা অতিরিক্ত ২০ মিনিট সময় পাবেন।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল এক্সাইজ অ্যান্ড ইনকাম ট্যাক্স) পদের ক্ষেত্রে ডেটা এন্ট্রি স্পিড টেস্ট হবে। প্রার্থীর ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস ও মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স), অ্যাসিস্ট্যান্ট (মিনিস্ট্রি অব কর্পোরেট অ্যাফেয়ার্স ও মিনিস্ট্রি অব মাইনস) পদের ক্ষেত্রে নেওয়া হবে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট।

ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা হবে। ছেলেদের ক্ষেত্রে থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার হাঁটা, ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং। মহিলাদের ক্ষেত্রে থাকবে ২০ মিনিটে ১ কিলোমিটার হাঁটা, ২৫ মিনিটে ৩ কিলোমিটার সাইক্লিং।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ৪ জুন পর্যন্ত অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ১ থেকে ১২ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে পারেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। অথবা অনলাইনে এস বি আই নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার কার্ড বা মায়েস্ত্রো ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৪ জুন। চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ৭ জুন পর্যন্ত। সে ক্ষেত্রে চালান ডাউনলোড করতে হবে ৪ জুনের মধ্যে। অনলাইনে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে ৪৫৪ ডাক্তার

প্রথম পাতার পর

মোট শূন্যপদ ১৩৮। এর মধ্যে ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

তফসিলি এবং ও বি সিদের জন্য কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত হবে। প্রবেশন অ্যাসিস্ট্যান্ট ডিভিশনাল মেডিক্যাল অফিসারের ক্ষেত্রে ১ বছর এবং বাকি পদগুলির ক্ষেত্রে ২ বছর।

**বয়স:** ১-৮-২০১৮ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার-ভিত্তিক লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় থাকবে দু'টি পত্র। প্রথম পত্রে (কোড নম্বর ১) জেনারেল মেডিসিন ও পেডিয়াট্রিক্স এবং দ্বিতীয় পত্রে (কোড নম্বর ২) সার্জারি, গাইনিকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স ও প্রিভেন্টিভ অ্যান্ড সোশ্যাল মেডিসিন বিষয়ে প্রশ্ন থাকবে। প্রতি পত্রে নম্বর ২৫০ ও সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং থাকবে। লিখিত পরীক্ষায় সফল হলে নেওয়া হবে ১০০ নম্বরের পার্সোনালিটি টেস্ট। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.upsconline.nic.in

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in ২৫ মে পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (৩ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) ও সই (১ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ পে-ইন-স্লিপের মাধ্যমে নগদ ২০০ টাকা জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। এছাড়া অনলাইনে নেট ব্যাঙ্কিং ব্যবস্থায় অথবা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমেও ফি দেওয়া যাবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। অনলাইনে ফি দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৫ মে। অফলাইনে ফি জমা দিতে চাইলে পে-ইন-স্লিপ ডাউনলোড করতে হবে ২৪ মে-র মধ্যে।

অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলির যে-কোনও একটিতে: (০১১) ২৩৩৮-৫২৭১/১১২৫।

# বরোদা ব্যাঙ্কে ৩৬১

প্রথম পাতার পর

**গ্রেড স্কেল-টু:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-থ্রি:** ২২১টি (সাধারণ ১০৮, তফসিলি জাতি ৩৪, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৬১)। এর মধ্যে ২টি করে শূন্যপদ অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **সিনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ফোর:** ১০০টি (সাধারণ ৪৭, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সবক'টি পদের ক্ষেত্রেই সি এ বা আই সি ডব্লু এ বা এম বি এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। এ আই সি টি ই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সমতুল বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকলেও আবেদনের যোগ্য। এ ছাড়া এস এম জি এস-ফোরের ক্ষেত্রে ৬ বছরের অভিজ্ঞতা, এম এম জি এস-থ্রির ক্ষেত্রে ৪ বছরের অভিজ্ঞতা এবং এম এম জি এস-টুর ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-৪-২০১৮ তারিখে এস এম জি এস-ফোরের ক্ষেত্রে ২৮ থেকে ৪০ বছরের মধ্যে, এম এম জি এস-থ্রির ক্ষেত্রে ২৫ থেকে ৩৭ বছরের মধ্যে এবং এম এম জি এস-টুর ক্ষেত্রে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** এস এম জি এস-ফোরের ক্ষেত্রে ৫০,০৩০-৫৯,১৭০ টাকা, এম এম জি এস-থ্রির ক্ষেত্রে ৪২,০২০-৫১,৪৯০ টাকা এবং এম এম জি এস-টুর ক্ষেত্রে ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের বাছাই করা হবে গ্রুপ ডিসকাশন বা ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে ব্যাঙ্ক কর্তৃপক্ষ মনে করলে সাইকোমেট্রিক টেস্টও নিতে পারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৭ মে। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রেল বিকাশ নিগমে ইঞ্জিনিয়ার

প্রথম পাতার পর

অনলাইন দরখাস্ত করা যাবে ১৭ থেকে ৩০ মে পর্যন্ত। অনলাইনে আবেদনপত্র সাবমিট করার পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০১১-২৬৭৩৮২৯৯ (এক্সটেনশন ৩৩৫/৩০৮)।

# জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

প্রথম পাতার পর

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gicofindia.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ মে। মনে রাখবেন, দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ৫০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেট বা আই এম পি এস-এর মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# অস্ত্র কারখানায় অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

শিক্ষাগত যোগ্যতা: ফাইনাল ইয়ারে ৫৭ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। স্টাইপেন্ড: প্রতি মাসে ৩,৫৪২ টাকা।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** ৬টি। শাখানুসারে আসন: মেকানিক্যাল: ৪টি, ইলেক্ট্রিক্যাল: ১টি, সিভিল: ১টি। শিক্ষাগত যোগ্যতা: ফাইনাল ইয়ারে ৫৭ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। স্টাইপেন্ড: প্রতি মাসে ৪,৯৮৪ টাকা।

তিন বছর আগে ডিগ্রি বা ডিপ্লোমা পেয়ে থাকলে, এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে অথবা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে ফাইনাল ইয়ারের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.ofchanda.gov.in পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন: ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন, ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২৬ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Sr. General Manager, Ordnance Factory Chanda, Distt-Chandrapur (MS), Pin No.442 501.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর 6/2018** অনুসারে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত জুনিয়র সিভিলিয়ান ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট নিয়োগের লিখিত পরীক্ষা ২৭ মে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ১৫ মে থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.pscwbapplication.in অ্যাডমিট কার্ডের প্রার্থীর সচিত্র পরিচয়পত্র সঙ্গে নিয়ে যাবেন।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# এগ্রি-হর্টিকালচারাল সোসাইটিতে স্বল্পমেয়াদি কোর্সে ভর্তি

পাঁচটি স্বল্পমেয়াদি কোর্সে ভর্তি নেবে দি এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়া। কোর্সগুলি হল: হোম গার্ডেনিং, ইকেবানা অ্যান্ড মডার্ন ফ্লোরাল ডেকরেশন, মাশরুম, বনসাই এবং হার্বাল মেডিসিনাল প্লান্টস অ্যান্ড হার্বাল কসমেটিক্স।

ক্লাসের সময়: হোম গার্ডেনিং (বুধ ও শনিবার দুপুর ২টো ৩০ মিনিট), ইকেবানা (শনিবার দুপুর ১২টা), মাশরুম (শনিবার দুপুর ১১টা ৩০ মিনিট), বনসাই (শনিবার দুপুর ২টো), হার্বাল মেডিসিনাল প্লান্টস অ্যান্ড হার্বাল কসমেটিক (মঙ্গল ও শুক্রবার দুপুর ২টো ৩০ মিনিট)। শিক্ষাগত যোগ্যতা এবং বয়সের কোনও বাধা নেই।

প্রতিটি কোর্সের মেয়াদ ২ মাস। কোর্স ফি: ২,০০০ টাকা।

আগ্রহী প্রার্থীরা দ্রুত যোগাযোগ করুন এই ঠিকানায়: দি এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়া, ১ আলিপুর রোড, কলকাতা-২৭। ফোন: (০৩৩) ২৪৭৯-১৭১৩/ ০৮৩৪। ওয়েবসাইট: www.agrihorticulture india.com

# প্লাস্টিক টেকনোলজির পাঁচ ডিপ্লোমা কোর্স

প্রথম পাতার পর

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১ জুলাই। পরীক্ষা নেওয়া হবে দেশের বিভিন্ন বড় শহরগুলিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://eadmission.cipet.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করার শেষ তারিখ ২৭ জুন। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জেপেগ বা জেপিজি বা পি এন জি ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা ফটো (১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এ ছাড়া অফলাইনে ফি দিতে চাইলে চালানের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: 33003659524. (Branch Name: CHENNAI, COMMERCIAL BRANCH GUINDY (04327), CHENNAI IFSC Code: SBIN 0004327) ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট বা রসিদের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজ এবং পূরণ করা আবেদনপত্রের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.cipet.gov.in

# প্রতিরক্ষা গবেষণায় ইঞ্জিনিয়ার

প্রথম পাতার পর

**শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং অথবা কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির বি ই বা বি টেক ডিগ্রি। গেট স্কোর থাকতে হবে। গেট পরীক্ষার পেপার কোড ই সি (ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন) এবং সি এস (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি) অনুসারে সংশ্লিষ্ট যেসব ইঞ্জিনিয়ারিং শাখা থেকে পরীক্ষায় বসার আবেদন করা যায় সেইসব শাখার প্রার্থীরাই আবেদন করতে পারবেন।

যেসব ছাত্রছাত্রী ফাইনাল ইয়ার বা সেমেস্টারের পরীক্ষা দিয়েছেন কিন্তু রেজাল্ট হাতে পাননি অথবা যাঁরা ফাইনাল ইয়ার বা সেমেস্টারের পরীক্ষা দিতে চলেছেন এবং প্রথম শ্রেণির নম্বর আশা করছেন তাঁরাও আবেদনের যোগ্য। তবে এক্ষেত্রে ৩১ জুলাইয়ের মধ্যে ফাইনাল বা প্রভিশনাল ডিগ্রি সার্টিফিকেট জমা দিতে হবে।

**বয়স:** ১৮-৫-২০১৮ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।


প্রার্থী বাছাই হবে গেট স্কোরের ভিত্তিতে এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে।


**বেতন:** নিয়োগ হবে সেন্ট্রাল পে কমিশনের লেভেল-১০ অনুসারে। চাকরির শুরুতে মোট বেতন ৮০,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে ডি আর ডি ও-র রিক্রুটমেন্ট অ্যান্ড অ্যাসেসমেন্ট সেন্টারের (আর এ সি) এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rac.gov.in

অনলাইন দরখাস্তে অ্যাটাচ করতে হবে জন্মতারিখের সার্টিফিকেট, ডিগ্রি সার্টিফিকেট, মার্কশিট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট, বৈধ গেট স্কোর কার্ডের স্বপ্রত্যয়িত নকল। প্রতিটি অ্যাটাচমেন্টের সর্বোচ্চ ফাইল সাইজ ৫০০ কেবি-র মধ্যে থাকতে হবে। নথিপত্র ২০০ ডি পি আই গ্রেড স্কেলে স্ক্যান করতে হবে। ফি বাবদ ১০০ টাকা জমা দিতে হবে অনলাইনেই। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। অনলাইন দরখাস্তের শেষ দিন ১ জুন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ১৩২।

দরখাস্ত-সংক্রান্ত তথ্য-পরামর্শের জন্য ফোন করতে পারেন এই নম্বরে: (০১১)২৩৮৩-০৫৯৯ অথবা মেল করতে পারেন এই মেল অ্যাড্রেসে: pro@ recruitment.drdo.in ডি আর ডি ও-র ওয়েবসাইট: https://drdo.gov.in


ভ্রমণ
বেরিয়ে পড়ার আসল গাইড
এখন নতুন রূপে : সম্পূর্ণ রঙিন
আর নতুন রেশমি পাতা
ভ্যালি অব ফ্লাওয়ার্স • গঙ্গোত্রী থেকে গোমুখ পেরিয়ে তপোবন • নুব্রা থেকে নতুন পথে প্যাংগং • মাসাইমারার জঙ্গলে • সামথার পাবং বার্মেক ও আরও অজস্র বেড়ানোর হাতছানি
হুবহু প্রকৃতির রঙে ছাপা
এই আশ্চর্য পৃথিবীর সঙ্গে
আপনার সেতুবন্ধ
এখনই আপনার সংবাদপত্র-বিক্রেতাকে বলুন বা কাছের স্টলে যোগাযোগ করুন।

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক
পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership, IRS 2017


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in